When [...] the complaint is frivolous and vexatious the complainant shall [be liable on conviction be]fore a Magistrate to a fine not exceeding [...] rupees

**78** If, upon enquiry as aforesaid, the Inspector is of opinion that the complaint is well founded, he shall, if a Magistrate, dispose of the case in due course of law

Procedure if complaint be well founded

If the Inspector is not a Magistrate, he shall without delay send the complainant and his witnesses to the nearest Magistrate, and such Magistrate shall thereupon dispose of the case in due course of law

**79** If, upon the complaint of any emigrant, it is proved to the satisfaction of the Magistrate that the wages of such immigrant are in arrear to an amount exceeding the total of his wages fo[r] two months, such Magistrate may award to the complainant the amount which appears to be th[e]n due to him, and also, by way of compensation, such farther sum, not exceeding that amount, as appears to the Magistrate to be just, and in case of default, the entire sum shall be

Recovery of wages

Compensation if wages are due for more than two months

৭৬ ধারা। মজুরদের কোন ইনস্পেক্টর সাহেব পূর্ব্বোক্ত লিখিত নোটিস পাইলে, অথবা আপনার এলাকার অন্তর্গত স্থানে কোন মজুরের পক্ষে উক্ত প্রকারের অত্যাচার, কি এই আইনের কোন বিধান লঙ্ঘন হইয়া মজুরের হানি হইয়াছে, সেই ইনস্পেক্টর সাহেবের ইহা জানিবার সঙ্গত কারণ থাকিলে, তিনি সুবিধামতে যত শীঘ্র পারেন সেই নালিশের সম্পূর্ণ তদন্ত লইবেন ইতি।

নালিশের সংবাদ পাইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৭৭ ধারা। উক্ত প্রকারে তদন্ত লইয়া ইনস্পেকৃটর সাহেবের বিবেচনায় ঐ নালিশ অসত্য কি তুচ্ছ কি ক্লেশজনকমাত্র হইলে, তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ে যাহা নির্ণয় করিলেন তাহার হেতু সংক্ষেপে লিখিয়া মোকদ্দমা ডিসমিস করিবেন।

নালিশ অসত্য কি তুচ্ছ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

আরো সেই তদন্ত প্রযুক্ত বাদী যত দিন কর্ম্মে যায় নাই মুনিবের দলীলের পৃষ্ঠে তিনি ঐ দিনের সংখ্যা লিখিয়া দিবেন।

ও ঐ ম[জুরের] চাকরী করিবার মিয়াদ তত দিন বাড়িয়া যাই[বে।]

[...] যত দিন লেখা হইয়াছে মজুর [...] সে দিন কর্ম্মে যায় নাই, ঐ [...] প্রমাণ হইবে।

[...]মাত্র হয়, তবে মাজি[...]ল বাদির পাঁচ টাকার [...]তে চুক্তি [...] হইলেও, [...]

[ইন]স্পেকৃটর পূর্ব্বোক্ত তদন্তক্রমে সেই নালিশ সমূলক জ্ঞান করেন, তবে তিনিই মাজিষ্ট্রেট হইলে আইনের নিয়মিত দাঁড়ামতে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

নালিশ সত্য হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

মাজিষ্ট্রেট না হইলে বাদিকে ও তাহার সাক্ষিদিগকে অবিলম্বে নিকটবর্ত্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন। উক্ত মাজিষ্ট্রেট সাহেব আইনের নিয়মিত দাঁড়ামতে সেই বিষয়ের নিষ্পত্তি করিবেন ইতি।

৭৯ ধারা। মজুরের দুই মাসের বেতন যত টাকা হয়, সর্ব্বসুদ্ধ তাহার অধিক বেতন বাকী আছে মজুরের নালিশক্রমে এই কথা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ করা গেলে, সেই সময়ে ঐ মজুরের যত টাকা পাওনা বলিয়া দেখা যায় মাজিষ্ট্রেট সাহেব তাহার তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন। আরো মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহার ঐ টাকার অনধিক আর যত টাকা ন্যায্যমতে পাওনা হইতে পারে, তিনি ক্ষতিপূরণ স্বরূপে তাহার আর তত টাকা

বেতন আদায়ের কথা।

দুই মাসের অধিক বেতন বাকী থাকিলে ক্ষতিপূরণের কথা।

recovered in manner provided by section ninety-one, and shall be paid to the complainant

Cancellation of assignment

**80** If any employer, or any person placed in authority over any immigrant by such employer, is convicted of any offence causing injury to the person or property of such immigrant and triable under the Code of Criminal Procedure by the Court of Session,

or if any such employer, or other person as aforesaid, is twice convicted of any such offence against such immigrant triable under the said Code by a Magistrate,

or if it be proved before a Magistrate that the wages of such immigrant are in arrear to an amount exceeding the total of such wages for three months,

or if a Magistrate, on the report of the Inspector, and after due enquiry in the presence of the parties, is satisfied that any immigrant has been subjected to ill-usage by such employer or any other person placed in authority over the immigrant by such employer, or has been compelled by such employer or person to perform any labour when known to such employer or person to be unfit for it,

the Magistrate may, if he think fit, on the application of the immigrant, in each of such cases, cancel the assignment of such immigrant, and award to him, in addition to the wages (if any) due for service performed, compensation not exceeding thirty rupees

Every such cancelment shall be certified by the Magistrate on the back of the emigrant's instrument, or if such instrument be not forthcoming, by writing under the Magistrate's hand delivered to the immigrant

The compensation may be recovered in manner provided by section ninety one

*Determination of Assignment and Contracts*

Immigrant who has completed his assignment may have such completion endorsed

**81** Every immigrant assigned under this Act, on completing the term of his assignment or on the avoidance of the same may appear before the Inspector or Immigration Agent, who shall, on being satisfied that the term has come to an end, make an entry to that effect on the immigrant's instrument

Penalty for forcibly detaining immigrant after completion of assignment, or for omitting to give notice of such completion.

**82** Any employer or agent forcibly or fraudulently detaining an emigrant after the completion or avoidance of his assignment, or wilfully failing to give notice of such completion in accordance with the rules prescribed under

পাইবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে ৯১ ধারার বিধানমতে সমুদয় টাকা আদায় হইয়া বাদিকে দেওয়া যাইবে ইতি।

নিরূপণপত্র বাতিল করিবার কথা।

৮০ ধারা। যাহাতে মজুরের কিম্বা তাহার সম্পত্তির হানি হইল, কোন মুনিবের কিম্বা ঐ সাহেবের স্থানে যে ব্যক্তি মজুরের উপর ক্ষমতা পাইয়া থাকে তাঁহার এমত অপরাধ প্রমাণ হইলে ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ঐ অপরাধ সেশন আদালতের বিচার্য্য হইলে,

কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ অপরাধের বিচার হইতে পারিলে, ঐ মজুরের প্রতি ঐ মুনিবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার প্রমাণ হইলে,

কিম্বা ঐ মজুরের তিন মাসের বেতন মোটে যত টাকা হয় সর্ব্বশুদ্ধ তাহার অধিক বেতন পাওনা আছে, ইহা কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা গেলে,

কিম্বা মুনিব কি তাঁহার স্থানে অন্য যে ব্যক্তি মজুরদের উপর ক্ষমতা পাইয়াছেন তিনি মজুরের প্রতি কুব্যবহার করিয়াছেন কিম্বা মুনিব মজুরকে বিশেষ কোন কর্ম্ম করিতে অপারক জানিলেও তাহাকে জোর করিয়া সেই কর্ম্ম করাইয়াছেন, মাজিষ্ট্রেট সাহেব ইনস্পেক্টরের রিপোর্টক্রমে ও উভয় পক্ষের সাক্ষাতে উপযুক্ত তদন্ত লইয়া ইহা স্ববোধমতে জানিতে পাইলে,

ঐ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে মজুরের প্রার্থনাক্রমে তাঁহার নিরূপণপত্র বাতিল করিতে পারিবেন, এবং কর্ম্মের নিমিত্ত যে বেতন পাওনা থাকে তাহার উপর ত্রিশ টাকার অনধিক ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

তদ্রূপে বাতিল করা গেলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের দলীলের পৃষ্ঠে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, কিম্বা সেই দলীল পাওয়া যাইতে না পারিলে মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষর করা সেই মর্ম্মের লিপি মজুরকে দেওয়া যাইবে।

হানিপূরণের টাকা ৯১ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

নিরূপণপত্রের ও চুক্তির মিয়াদ ফুরাইবার কথা।

মজুরের নিরূপণ হওয়া মিয়াদ পূর্ণ হইলে সেই কথা পৃষ্ঠে লেখাইয়া লইতে পারিবার কথা।

৮১ ধারা। এই আইনমতে যে মজুরকে নিরূপণ করা যায় তাহার নিরূপিত থাকার মিয়াদ পূর্ণ হইলে কিম্বা অন্যথা করা গেলে, সেই মজুর ইনস্পেক্টরের কিম্বা ইমিগ্রেশন এজেন্টের সম্মুখে যাইতে পারিবে, ও সেই মিয়াদ শেষ হইয়াছে উক্ত সাহেব ইহা স্ববোধমতে জানিলে, মজুরের দলীলে সেই মর্ম্মের কথা লিখিয়া দিবেন ইতি।

নিরূপণের মিয়াদ পূর্ণ হইলেও মজুরকে জোর করিয়া রাখিবার কিম্বা মিয়াদ ফুরাইবার নোটিস না দিবার দণ্ডের কথা।

৮২ ধারা। মজুরের নিরূপিত থাকার মিয়াদ ফুরাইলে কি অন্যথা হইলেও মুনিব কি তাহার এজেন্ট তাহাকে বলপূর্ব্বক কি প্রতারণা করিয়া আটক রাখিলে কিম্বা ৮৭ ধারার যে বিধির নির্দ্দেশ হইল

section eighty-seven, shall be liable to fine not exceeding five hundred rupees

তদনুসারে ইচ্ছাপূর্ব্বক ঐ মিয়াদ পূর্ণ হওয়ার নোটিস না দিলে, সেই সাহেবের ৫০০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

Immigrant not assigned under Act may redeem unexpired term of contract

83 Any immigrant who is not assigned under this Act may redeem the unexpired term of his contract of service by paying to the Immigration Agent such sum of money as will repay the expense incurred by Government under this Act and chargeable to such immigrant after taking into account any repayment already made by him, and the certificate of the Immigration Agent shall be conclusive evidence of the sum so chargeable

মজুর আইনমতে নিরূপিত না হইলে তাহার টাকা দিয়া চুক্তির মিয়াদের অবশিষ্ট কালহইতে মুক্ত হওয়ার কথা।

৮৩ ধারা। কোন মজুর এই আইনমতে নিরূপিত না হইলে, তাহার পক্ষে গবর্ণমেণ্টের যত টাকা খরচ হইয়াছে তাহার মধ্যে যত টাকা দিলে সেই খরচ শোধ হয়, ইমিগ্রেশন এজেন্ট সাহেবকে তত টাকা দিলে, তাহার কর্ম্ম করিবার চুক্তির যত দিন বাকী থাকে তত দিন ক্ষমা হইতে পারিবে। পূর্ব্বে যদি ঐ খরচের কোন অংশ ফিরিয়া দিয়া থাকে তাহাও হিসাবে ধরা যাইবে। ও তাহার যত টাকা দেনা হয় ইমিগ্রেশন এজেন্ট সাহেব এই বিষয়ের যে সর্টিফিকট দেন তাহাই তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

Power to redeem contract

84 Any immigrant who is assigned under this Act, and who is desirous to redeem the unexpired term of his contract, may demand to be taken or allowed to go before the Inspector of Immigrants within the local limits of whose authority he may be employed

চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।

৮৪ ধারা। এই আইনমতে যে মজুর নিরূপিত হয় তাহার চুক্তিমতে মজুরী করিবার যত দিন বাকী থাকে, সে তত দিনের সমান মূল্য দিয়া চুক্তিহইতে নিস্তার পাইতে চাহিলে, যে ইনস্পেকটরের ক্ষমতার অধীন স্থানে কর্ম্ম করে তাঁহার নিকট আনীত হইবার কি যাইবার অনুমতির দাওয়া করিতে পারিবে।

The Inspector shall then inform him what is the [illegible] at which [illegible] contract may be redeemed, from [illegible] labour with[illegible] [illegible] number of days so endo[illegible] [illegible] complaint is frivolous and [illegible] [illegible]

যত টাকা দিলে তাহার চুক্তিহইতে মুক্তি পাওয়া যাইতে পারিবে ইনস্পেকটর সাহেব তাহাকে তখন জানাইবেন।

and on his depositing that price in the hands of the Inspector, the Inspector shall give notice to the employer that such immigrant requires him, within one week, to show cause why such immigrant should not redeem his contract for the sum so deposited,

[illegible] ইনস্পেকটর সাহেবের হাতে ঐ টাকা দিলে এবং [illegible] সাহেব মুনিবকে এই মর্ম্মের [illegible] নোটিস দিবেন ইনস্পেকটর [illegible] যে, মজুর উক্ত প্রকারে যত টাকা গচ্ছিত করিল তাহা লইয়া চুক্তিহইতে তাহার নিস্তার না পাইবার কোন কারণ থাকিলে, তুমি এক সপ্তাহের মধ্যে উপস্থিত হইয়া ঐ কারণ জানাও, মজুরের এই প্রার্থনা।

and if no sufficient cause be shown within that time or such enlarged time as the Inspector deems reasonable, he shall require the production of the immigrant's instrument and endorse thereon a certificate of redemption, and out of the sum in deposit the employer of such immigrant shall be paid the value of the unexpired term of assignment

সেই সময়ের মধ্যে, কিম্বা ইনস্পেকটর সাহেব আর যত দিন যুক্তিসঙ্গত জানেন তত দিনের মধ্যে, উপযুক্ত কারণ না জানাইলে, ইনস্পেকটর সাহেব সেই মজুরের দলীল আনাইয়া 'সে মূল্য দিয়া মুক্তি পাইয়াছে' ঐ পত্রের পৃষ্ঠে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন, ও মজুরের নিরূপিত থাকার অবশিষ্ট কালের যত মূল্য হইবে ঐ গচ্ছিত টাকাহইতে তাহার মুনিবকে তত টাকা দেওয়া যাইবে।

From and after the date of such endorsement the immigrant's contract shall be deemed to have determined

ঐ পৃষ্ঠলিপির তারিখঅবধি মজুরের চুক্তি শেষ হইল এমত জ্ঞান হইবে।

Value of unexpired term of assignment

The value of the unexpired term of assignment shall be such as is provided for by the terms of the assignment, or as may be fixed by any rules made under section eighty-seven, clause (g), and in force at the date of the assignment

নিরূপিত থাকার অবশিষ্ট সময়ের মূল্য নিরূপণ করিবার কথা।

নিরূপিত থাকার বাকী সময়ের মূল্য নির্ণয় করিতে গেলে নিরূপণ পত্রের নিয়মের মধ্যে যে বিধান থাকে কিম্বা ৮৭ ধারার (ঝ) প্রকরণমতে যে বিধি প্রণীত হইয়া নিরূপণ পত্রের তারিখে প্রবল থাকে, সেই বিধিমতে তাহা নির্ণয় হইবে ইতি।

85 Every immigrant whose contract has been completed or otherwise determined, shall be entitled to receive forthwith from the Immigration Agent a certificate of release in such form as may from time to time be prescribed by the Chief Commissioner

*Certificate of release from contract*

৮৫ ধারা। মজুরের চুক্তির মিয়াদ ফুরাইলে কি প্রকারান্তরে শেষ করা গেলে, ইমিগ্রেশ্যন এজেন্ট সাহেবের স্থানে তাহার অগৌণে মুক্তির সর্টিফিকট পাইবার স্বত্ব থাকিবে। শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব সময়েং যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ঐ সর্টিফিকট সেই পাঠে লেখা যাইবে ইতি।

*চুক্তি হইতে মুক্তি পাইবার সর্টিফিকটের কথা।*

---

## PART V

### Subsidiary Rules

86 The Local Government of every port of embarkation under this Act may from time to time make rules consistent with this Act to regulate the following matters—

*Power of Local Government of port of embarkation.*

(*a*) the fees payable under section fourteen,

(*b*) the form of notice of the arrival of emigrants at depôts,

(*c*) the management and regulation of depôts,

(*d*) the medical care of emigrants during their residence at the depôts and during transport,

(*e*) the clothing to be supplied to emigrants during transport,

(*f*) the mode of applying for licenses under section thirty seven,

(*g*) the survey of emigrant vessels,

(*h*) the procedure on embarkation,

(*i*) the space to be provided for emigrants on board ships sailing from ports of embarkation under this Act,

(*j*) the provisions, fuel and water to be laden on board such vessels, and the daily allowance to be issued to each emigrant,

(*k*) the medical officers, medicines and medical requirements to be on board such vessels,

(*l*) the ventilation and cleanliness of vessels during the journey, the control of officers, cooks and other servants, and generally the accommodation of emigrants

## পঞ্চম অধ্যায়।

### পরিশিষ্ট বিধি।

৮৬ ধারা। এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দর যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট সময়েং এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন—

*নৌকাদিতে উঠিবার বন্দরে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।*

(ক) ১৪ ধারামতে যত ফী দিতে হইবে তাহার বিধি।

(খ) আড্ডায় মজুরদের পঁহুছিবার নোটিস যে পাঠে লিখিত হইবে তাহার বিধি।

(গ) আড্ডার অধ্যক্ষতা প্রভৃতি কার্য্য যে বিধানমতে করা যাইবে তাহার বিধি।

(ঘ) মজুরদের আড্ডায় থাকনকালে ও নৌকাদিতে যাইবার সময়ে তাহাদের চিকিৎসা হইবার বিধি।

(ঙ) পথে যাইবার সময়ে মজুরদের পরিবার যে বস্ত্রাদি দিতে হইবে তাহার বিধি।

(চ) ৩৭ ধারামতে লাইসেন্স পাইবার যেরূপ প্রার্থনা করিতে হইবে তাহার বিধি।

(ছ) মজুরেরা যে নৌকাদিতে যাইবে তাহার অবস্থার যেরূপে অনুসন্ধান করিতে হইবে তাহার বিধি।

(জ) নৌকাদিতে উঠিবার সময়ে যাহা করিতে হইবে তাহার বিধি।

(ঝ) এই আইনমতে নৌকাদিতে উঠিবার বন্দর-হইতে যাইবার সময়ে নৌকাদিতে মজুরদের থাকিবার যত স্থান নিরূপণ করিতে হইবে তাহার বিধি।

(ঞ) সেই নৌকাদিতে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানি কাষ্ঠ প্রভৃতি ও যত জল দিতে হইবে ও প্রত্যেক জন মজুর প্রতিদিন যত করিয়া পাইবে তাহার বিধি।

(ট) ঐ নৌকাদিতে যত জন ডাক্তর ও যেং ঔষধ ও চিকিৎসা সংক্রান্ত যেং উপকরণ থাকিবে তাহার বিধি।

(ঠ) পথে যাইবার সময়ে নৌকাদিতে বাতাস খেলিবার ও নৌকাদি পরিষ্কার রাখিবার ও কর্ম্মকারকের ও পাচকদের ও অন্য চাকরদের উপর কর্ত্তৃত্ব রাখিবার ও সংধারণ্যে মজুরদের স্বচ্ছন্দে থাকার যেং বিধি করিতে হইবে তাহাও করিবেন ইতি।

87 The Chief Commissioner may from time to time make rules consistent with this Act to regulate the following matters —

*Power of Chief Commissioner*

(*a*) the transport of emigrants from ports of debarkation under this Act to the places of their respective employments, their medical inspection

৮৭ ধারা। প্রধান কমিশ্যনর সাহেব সময়েং এই আইনসঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন।

*প্রধান কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।*

(ক) মজুরেরা এই আইনমতে কোন বন্দরে পঁহুছিয়া নৌকাদিহইতে নামিয়া গেলে পর কর্ম্ম স্থানে তাহাদিগকে চালান করিবার, ও যাওন সময়ে তাহাদের

during such transport, their detainer at any place on the way on account of sickness, and the accommodation, support and medical treatment of immigrants so detained,

(*b*) the diet, clothing, medical attendance and management of immigrants in transit,

(*c*) the hospital-accommodation, medicine and medical attendance to be provided by employers for their immigrants at the place of employment,

(*d*) the periodical inspection of immigrants the books to be kept by Inspectors of Emigrants, and the returns to be made by employers of immigrants,

(*e*) the house-accommodation, water-supply, sanitary arrangements and supply of suitable food to be provided by employers for their immigants,

(*f*) the notice to be given and forms to be observed on the termination of assignments of immigrants,

(*g*) the terms on which contracts and assignments of service may be redeemed,

(*h*) the hospital accommodation and medical care of labourers, and the nature, quality and quantity of medical drugs and other stores to be provided for them,

(*i*) and generally to provide for the security, well-being, and protection of immigrants

Publication of rules

88 All rules made under sections eighty-six and eighty-seven shall be published—

in the case of rules made under section eighty-six, in the local official Gazette,

in the case of rules made under section eighty-seven in the *British Burma Gazette*,

and shall thereupon have the force of law

Penalty for breach of rules

Whoever wilfully contravenes any of the said rules, for the breach whereof no penalty is hereinbefore specially provided, may for every such offence be punished with fine which may extend to one thousand rupees, and in default of payment, with imprisonment for a term which may extend to six months

চিকিৎসা হইবার, ও পথে যাইতে২ পীড়া হইলে তাহাদিগকে আটক করিয়া রাখিবার, ও আটক থাকন সময়ে তাহাদের স্বচ্ছন্দে থাকার ও ভরণপোষণের ও চিকিৎসা করাইবার বিধি।

(খ) মজুরদের কর্ম্মস্থানে যাইবার সময়ে তাহাদের আহার ও বস্ত্রাদি দিবার ও চিকিৎসা করাইবার ও তাহাদের উপর অধ্যক্ষতা করিবার বি ধ।

(গ) মজুরেরা কর্ম্মস্থানে পঁহুছিলে মুনিবদের দ্বারা তাঁহাদের হাস্পাতালে থাকিবার স্থান ও ঔষধ পাইবার ও চিকিৎসা করাইবার যেং বিধান করা যাইবে তাহার বিধি।

(ঘ) মজুরদিগকে সময়েং দেখিবার ও মজুরদের ইনস্পেকটর সাহেবদের যেং বহী রাখিতে হইবে ও মজুরদের যেং রিটর্ণ মুনিবদের দিতে হইবে তাহার বিধি।

(চ) মজুরদের থাকিবার নিমিত্ত মুনিবদের যে ঘরাদি করাইয়া দিতে হইবে ও জল যোগাইবার ও তাহাদের সুস্থ থাকিবার ও উপযুক্ত আহারাদি যোগাইবার যে বিধান করিতে হইবে তাহার বিধি।

(ছ) মজুরদের নিরূপিত থাকার মিয়াদ ফুরাইলে যে নোটিস দেওয়া যাইবে ও যেং রূপে কার্য্য করিতে হইবে তাহার বিধি।

(জ) যে নিয়মমতে মূল্য দিয়া কর্ম্ম করিবার চুক্তিহইতে ও/নিরূপণপত্রহইতে মুক্তি পাওয়া যাইতে পারে তাহার বিধি।

(ঝ) হাস্পাতালে মজুরদের থাকিবার স্থানের ও তাহাদের চিকিৎসা হইবার বিধি ও ঔষধ প্রভৃতি যেং দ্রব্য যোগাইয়া দিতে হইবে তাহা যে প্রকারের ও তাহার যেং গুণ ও যত পরিমাণ হইবে তাহার বিধি।

(ঞ) ও সাধারণ্যে মজুরদের নিরাপদে থাকার ও তাহাদের মঙ্গলের ও সুরক্ষার বিধান করণার্থ বিধি ইতি।

বিধি প্রকাশ করিবার কথা।

৮৮ ধারা। ৮৬ ও ৮৭ ধারামতে যে সকল বিধি করা যায় তাহা প্রকাশ করা যাইবে,—

৮৬ ধারামত বিধি স্থানীয় গবর্ণমেন্ট গেজেটে,

৮৭ ধারামত বিধি ব্রিটিশ বর্ম্মা গেজেটে,

প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে।

বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

ইহার পূর্ব্ব কোন ধারায় পূর্ব্বোক্ত যেং বিধি লঙ্ঘনের কোন বিশেষ দণ্ড নির্দ্ধারিত হয় নাই, কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক সেইং বিধি লঙ্ঘন করিলে, প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক হাজার টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও সেই দণ্ডের টাকা না দিলে তাহার ছয় মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[*Government Gazette*, 14*th March* 1876]

## PART VI

### Miscellaneous

**89** If any employer's instrument or any immigrant's instrument be lost or destroyed, the Immigration Agent shall, on application of the employer or immigrant (as the case may be), and on payment of such fee as the Chief Commissioner may fix in this behalf, send the applicant a copy of the instrument so lost or destroyed, and for the purposes of this Act, every copy so delivered shall be deemed to be the original

Renewal of lost instruments

**90** All copies made under this Act shall be evidence of the contracts to which they respectively relate

Copies made under Act to be deemed evidence of contract.

**91** All balances due from any employer of immigrants under the terms of the assignments made to him under this Act, may be levied by the Magistrate either by distress and sale of any moveable property belonging to such employer, or as if they were land revenue due on account of the land on which the immigrants assigned to such employer are placed

Recovery of balances due from employers under terms of assignment

If the full amount is not recovered by the means aforesaid, the Chief Commissioner may declare the assignment of immigrants to such employer to be void so far as regards all or any of such immigrants, and the labour of the immigrants whose assignment is so vacated shall be again at the disposal of the Chief Commissioner according to section thirty-five

**92** All contracts for service in British Burma under the Chief Commissioner which have heretofore been entered into shall be construed as if, after the words "Secretary of State for India," the words "in Council" were inserted

Construction of former contracts

## SCHEDULE A

(*See section* 10)

### Recruiter's License

Office of the Emigration Agent for British Burma at

*A B* is hereby licensed under the British Burma Labour Law, 1876, to act as a recruiter in

## ষষ্ঠ অধ্যায়।

### বিবিধ বিধি।

৮৯ ধারা। কোন মুনিবের কিম্বা বর্ম্মাদেশগত কোন মজুরের দলীল হারাইলে কি নষ্ট হইলে, ঐ মুনিব কিম্বা বিষয়বিশেষে ঐ মজুর প্রার্থনা করিলে, ও প্রধান কমিশ্যনর সাহেব এতৎ কার্য্যপক্ষে যত ফী নিরূপণ করেন তাহা দিলে, ইমিগ্রেশন এজেন্ট প্রার্থকের নিকট সেই হারাণ কি নষ্ট করা দলীলের নকল পাঠাইবেন। তদ্রূপ যে নকল দেওয়া যায় তাহা এই আইনের কার্য্যপক্ষে আসল দলীল বলিয়া জ্ঞান হইবে ইতি।

দলীল হারাইলে তাহা নূতন করিয়া দিবার কথা।

৯০ ধারা। এই আইনমতে যে সকল নকল করা যায়, তাহা যে চুক্তি সম্পর্কীয় হয় সেই চুক্তির প্রমাণ হইবে ইতি।

আইনমতে যে নকল করা যায় তাহা চুক্তির প্রমাণ বলিয়া জ্ঞান হইবার কথা।

৯১ ধারা। এই আইনমতে কোন মুনিবের পক্ষে যে নিরূপণপত্র করা যায়, তাহার নিয়মানুসারে মুনিবের স্থানে কোন টাকা পাওনা থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই মুনিবের কোন অস্থাবর দ্রব্য ক্রোক ও নিলাম করিয়া তাহা আদায় করিতে পারিবেন, কিম্বা ঐ মুনিবের পক্ষে নিরূপিত মজুরেরা যে জমাতে নিযুক্ত থাকে সেই জমীর বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে পারিবেন।

নিরূপণপত্রের নিয়মানুসারে মুনিবের স্থানে যে বাকী পাওনা হয় তাহা আদায় করিবার কথা।

পূর্ব্বোক্ত উপায় দ্বারা যদি সমুদয় টাকা আদায় হইতে না পারে, তবে প্রধান কমিশ্যনর সাহেব সেই সকল কি তন্মধ্যে কোন২ মজুরদের বিষয়ে ঐ মুনিবের পক্ষে মজুরদের সেই নিরূপণপত্র অসিদ্ধ বলিয়া প্রকাশ করিতে পারিবেন। ও তদ্রূপে যে মজুরদের নিরূপণ অসিদ্ধ করা গেল সেই মজুরেরা পুনরায় ৩৫ ধারামতে প্রধান কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন হইবে ইতি।

৯২ ধারা। ব্রিটনীয় বর্ম্মাদেশে কর্ম্ম করিবার যে সকল চুক্তিপত্র ইতিপূর্ব্বে প্রধান কমিশ্যনর সাহেবের অধীনে করা গিয়া থাকে, তাহার অর্থ করিতে গেলে, তন্মধ্যে "ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব" এই কথার পরিবর্ত্তে "ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাবিশিষ্ট শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব" এই কথা থাকার ন্যায় ঐ চুক্তিপত্রের অর্থ করিতে হইবে ইতি।

পূর্ব্ব চুক্তির অর্থ করণের কথা।

---

## ১ তফসীল।

(১০ ধারা দেখ।)

### মজুর সংগ্রাহকের লাইসেন্স।

ব্রিটনীয় বর্ম্মাদেশের অমুক স্থানের এমিগ্রেশন এজেন্টের আফিস।

ব্রিটনীয় বর্ম্মাদেশে মজুরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনমতে শ্রীঅমুককে এই লাইসেন্স দেওয়া গেল।

the district of for the purpose of inducing and engaging persons to proceed to British Burma for the purpose of labouring for hire on behalf of the Chief Commissioner [*or* E F, *or as the cause may be*]

This license will be in force for one year only from this date

*Dated the day of*

(Sd) *C D*,
*Emigration Agent*

---

SCHEDULE B

(*See section* 14).

CERTIFICATE OF MEDICAL OFFICER AS TO HEALTH OF INTENDING EMIGRANT

I hereby certify that I have this day examined A B, and that he is, to the best of my belief and judgment, in a fit state of health, and able, in point of physical condition, to proceed to British Burma [and to work there] *

(Sd) *C D*,

[Here add designation of examining officer ]

* These words to be omitted in case of women and children not engaging for labour

WHITLEY STOKES,
*Secretary to the Government of India*

---

THE following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 29th February 1876, and is hereby promulgated for general information —

ACT No V OF 1876

## THE REFORMATORY SCHOOLS ACT, 1876

CONTENTS



ইহার বলে উক্ত শ্রীঅমুক অমুক জিলার মধ্যে ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের পক্ষে (কিম্বা বিষয় বিশেষে শ্রীঅমুকের পক্ষে) মজুরী পাইয়া খাটিবার জন্যে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইতে লোকদিগকে প্রবৃত্তি দিয়া তাহাদের সঙ্গে কবার করিতে পারিবে।

এই লাইসেন্স অদ্যকার তারিখ অবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সাল তারিখ

শ্রী অমুক,
এমিগ্রেসন এজেন্ট।

---

B তফসীল।

(১৪ ধারা দেখ।)

যাহারা মজুরী করিতে যাইবে তাহাদের স্বাস্থ্য বিষয়ে ডাক্তর সাহেবের সর্টিফিকট।

আমি অদ্য অমুককে দেখিয়াছি ও তাহার শরীর সুস্থ ও বলিষ্ঠ বিবেচনায় সে আমার বিশ্বাস ও বিবেচনামতে ব্রিটনীয় বর্ম্মাদেশে যাইবার (ও তথায় খাটিবার)* উপযুক্ত, ইহার সর্টিফিকট লিখিয়া দিলাম।

শ্রী অমুক।

[যে ডাক্তর সাহেব দেখিলেন তাহার পদবী প্রভৃতি এই স্থলে লিখিত হইবে।]

* স্ত্রী লোক ও বালকবালিকা মজুরী করিবার করার না করিয়া কেবল মজুরের সঙ্গে২ গেলে তাহাদের বিষয়ে এই ( ) চিহ্নের মধ্য সকল কথা ত্যাগ করিতে হইবে।

উইটলী ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৭৬ সালের ফেব্রুআরি মাসের ২৯ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল,—

১৮৭৬ সালের ৫ আইন।

## চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় বিষয়ক ১৮৭৬ সালের আইন।

নির্ঘণ্টপত্র।

| *II.—Reformatory Schools.* | দ্বিতীয় ।—চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ের কথা । |
|---|---|
| SECTIONS. | ধারা । |
| 4. Power to establish and discontinue Reformatory Schools | ৪ । চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় স্থাপন করিবার ও উঠাইয়া দিবার ক্ষমতার কথা । |
| 5 Requisites of schools | ৫ । তদ্রূপ স্কুলে যাহা২ থাকার প্রয়োজন তাহার কথা । |
| 6 Inspection of schools | ৬ স্কুল পরিদর্শন করিবার কথা । |
| 7 Power of Courts to direct youthful offenders to be sent to Reformatories | ৭ । যুবা অপরাধিকে চরিত্রসংশোধনালয়ে পাঠাইতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা । |
| 8 Power of Magistrates to direct boys under sixteen sentenced to imprisonment to be sent to Reformatories | ৮ । ১৬ বৎসরের কম বয়সের যে বালকদের কারাদণ্ডের আজ্ঞা হয় তাহাদিগকেও পাঠাইবার কথা । |
| "Magistrate" defined | "মাজিষ্ট্রেট" শব্দের অর্থ । |
| 9 Government to determine Reformatory to which such offenders shall be sent | ৯ । অপরাধিদিগকে চরিত্র সংশোধনার্থ যে ঘরে পাঠাইতে হইবে গবর্ণমেন্টের তাহা স্থির করিবার কথা । |
| 10 Boys above eighteen not to be detained in school. | ১০ । আঠারো বৎসরের অধিক বয়সের বালককে স্কুলে রাখিতে না হইবার কথা । |
| 11 Discharge or removal by order of Government | ১১ । গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে তাহাদিগকে ছাড়িয়া দিবার কি অন্য স্থানে পাঠাইবার কথা । |
| *III.—Management of Reformatory Schools* | তৃতীয় ।—চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ের কার্য্যাধ্যক্ষতার বিধি । |
| 12 Appointment of Superintendent and Committee of Visitors or Board of Management | ১২ । সুপরিণ্টেণ্ডেণ্ট ও পরিদর্শক কমিটী কি কার্য্যাধ্যক্ষ বোর্ড নিযুক্ত করিবার কথা । |
| 13 Superintendent may license youthful offenders to employers of labour. | ১৩ । যাঁহারা পরিশ্রমজীবী লোকদিগকে কর্ম্ম দিয়া থাকেন তাহাদিগকে যুবা অপরাধিদের রাখিবার লাইসেন্স দিতে সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতার কথা । |
| 14 Cancellation of license | ১৪ । লাইসেন্স রহিত হইতে পারিবার কথা । |
| If complaint of employers just, no fresh license until expiry of twelve months | মুনিবের নালিশ সত্য হইলে বারো মাসের মধ্যে আর লাইসেন্স না দিবার কথা । |
| 15 Determination of license | ১৫ । লাইসেন্স রহিত হইবার কথা । |
| 16 Cancellation of license in case of ill-treatment | ১৬ । কটু ব্যবহারের নিমিত্ত লাইসেন্স রহিত হইতে পারিবার কথা । |
| 17 Superintendent to be deemed guardian of youthful offenders | ১৭ । সুপরিণ্টেণ্ডেণ্ট যুবা অপরাধিদের অভিভাবক বলিয়া জ্ঞান হইবার কথা । |
| Power to apprentice youthful offender | যুবা অপরাধি এপ্রেণ্টিস করিবার ক্ষমতার কথা । |
| 18 Duties of Committee of Visitors | ১৮ । পরিদর্শক কমিটীর কর্ত্তব্য কর্ম্মের কথা । |
| 19 Powers of Board of Management | ১৯ । অধ্যক্ষ বোর্ডের ক্ষমতার কথা । |
| 20 Power to appoint trustees or other managers of a school to be a Board of Management | ২০ । কোন বিদ্যালয়ের ট্রষ্টীদিগকে কিম্বা অন্য কার্য্যাধ্যক্ষদিগকে কার্য্যাধ্যক্ষ বোর্ডের পদে নিযুক্ত করিবার ক্ষমতার কথা । |
| 21. Power of Board to make rules | ২ । বোর্ডের বিধি করিতে পারিবার কথা । |
| 22 Power of Government of India to make rules | ২২ । বিধিকরণ বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেন্টের ক্ষমতার কথা । |
| *IV.—Offences in relation to Reformatory Schools* | চতুর্থ ।—চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় সম্পর্কীয় অপরাধের কথা । |
| 23 Penalty for abetting escape of youthful offender | ২৩ । যুবা অপরাধির পলাইবার সহায়তা করণের দণ্ডের কথা । |
| 24 Arrest of escaped youthful offenders | ২৪ । যুবা অপরাধী পলাইলে তাহাকে ধরিয়া আনিবার কথা । |

### *An Act to provide Reformatory Schools*

Preamble

WHEREAS it is expedient to provide Reformatory Schools for male youthful offenders, It is hereby enacted as follows —

#### *I.—Preliminary*

Short title

Local extent

1 This Act may be called "The Reformatory Schools' Act, 1876 "

It extends to the whole of British India,

Commencement

And it shall come into force in each Province of British India on such day as the Local Government by notification in the official Gazette directs in that behalf

Section 318 of Code of Criminal Procedure repealed

2 On and from that day section 318 of the Code of Criminal Procedure shall be repealed therein

Interpretation clause

3 In this Act—

"Youthful offender"

"Youthful offender" means any boy who, being at the time under the age of sixteen years, has been convicted any offence punishable with imprisonment or transportation

"Inspector General"

"Inspector-General" includes any officer appointed by the Local Government to perform all or any of the duties imposed by this Act on the Inspector of Jails

#### *II.—Reformatory Schools*

Power to establish and discontinue Reformatory Schools

4 With the previous sanction of the Governor-General in Council, the Local Government may—

(*a*) establish Reformatory Schools at such place as it thinks fit,

(*b*) use as Reformatory Schools schools kept by persons willing to act in conformity with such rules consistent with this Act as the Local Government may from time to time prescribe in this behalf,

(*c*) direct that any school so established or used shall cease to exist as a Reformatory School or to be used as such

### চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় স্থাপন করণার্থ আইন।

হেতুবাদ।

যুবা পুরুষেরা অপরাধ করিলে তাহাদের চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় স্থাপন করা বিহিত এই হেতু নিম্নলিখিত বিধান করা গেল।

#### প্রথম।—পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন 'চরিত্রসংশোধনার্থ বিদ্যালয় বিষয়ক ১৮৭৬ সালের আইন নামে' খ্যাত হইতে পারিবে, ও ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

এবং ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন প্রদেশে এই আইন প্রচলিত হইবার তারিখ বলিয়া গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক যে তারিখ নির্ণয় করেন, সেই তারিখঅবধি সেই প্রদেশে চলিবে ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩১৮ ধারা রহিত হইবার কথা।

২ ধারা। সেই তারিখ অবধি সেই প্রদেশে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩১৮ ধারা প্রবল থাকিবে না ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। এই আইনে,—

যুবা অপরাধী

যে অপরাধ হেতুক কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণদণ্ড হইতে পারে, ষোল বৎসরের ন্যূন বয়সের কোন বালকের সেই অপরাধ প্রমাণ হইলে "যুবা অপরাধী" শব্দে সেই প্রকারের বালককে জানিতে হইবে।

"ইনস্পেক্টর জেনরল।

এই আইনে জেলসমূহের ইনস্পেকটর জেনরল সাহেবের প্রতি যেং কর্ম্ম অর্পিত হইল, সেই সকল কি তন্মধ্যে কোনং কর্ম্ম করণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন, 'ইনস্পেক্টর জেনরল' শব্দে সেই কার্য্যকারকও গণ্য ইতি।

#### দ্বিতীয়।—চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ের কথা।

চরিত্রসংশোধনার্থবিদ্যালয় স্থাপন করিবার ও উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের সম্মতি গ্রহণ পূর্ব্বক

(ক) যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে চরিত্র সংশোধনার্থ বিদ্যালয় স্থাপন করিতে পারিবেন,

(খ) কোন ব্যক্তির স্কুল থাকিলে ও স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে সময়েং এই আইনের সঙ্গতভাবে যে বিধি করেন ঐ ব্যক্তি সেই বিধি মানিতে সম্মত হইলে, তাঁহার স্কুল চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়স্বরূপ ব্যবহার করিতে পারিবেন।

(গ) তদ্রূপ যে স্কুল স্থাপিত কি ব্যবহৃত হয় তাহা চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়স্বরূপ আর থাকিবে না কি ব্যবহৃত হইবে না এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

5 Every school so established or used must provide—

Requisites of schools

(*a*) sufficient means of separating the inmates at night,

(*b*) proper sanitary arrangements, water-supply, food, clothing, and bedding for the youthful offenders detained therein,

(*c*) the means of giving such offenders industrial training,

(*d*) an infirmary or proper place for the reception of such offenders when sick

6 Every Reformatory School shall, before being used as such, be inspected by the Inspector-General of Jails, and if he reports that the requirements of section five have been complied with, and that in his opinion such school is fitted for the reception of such youthful offenders as may be sent there under this Act, he shall certify to that effect, and such certificate shall be published in the local official Gazette, and the school shall thereupon be deemed a Reformatory School

Inspection of schools

Every such school shall from time to time, and at least once in every year, be visited by the said Inspector-General, who shall send to the Local Government a report on the condition of the school in such form as the Local Government may from time to time prescribe

7 Whenever any youthful offender is sentenced to transportation or imprisonment, and is in the judgment of the Court by which he is sentenced (*a*) under the age of sixteen years and (*b*) a proper person to be an inmate of a Reformatory School, the Court may direct that, instead of undergoing his sentence, he shall be sent to a Reformatory School, and be there detained for a period which shall be not less than two years and not more than seven years, and which shall be in conformity with any rules made under section twenty-two and for the time being in force

Power of Courts to direct youthful offenders to be sent to Reformatories

The powers so conferred on the Court shall be exercised only by (*a*) the High Court, (*b*) the Court of Session, (*c*) a Magistrate of the first class, and (*d*) a Magistrate of Police or Presidency Magistrate in the towns of Calcutta, Madras, and Bombay

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ১৪ মার্চ।]

৫ ধারা। তদ্রূপে যে স্কুল স্থাপিত হয় কি যে স্কুলের তদ্রূপ ব্যবহার হয়, তাহাতে এইং বিষয়ের বিধান করিতে হইবে,—

তদ্রূপ স্কুলে যাহাং থাকার প্রয়োজন তাহার কথা।

(ক) যাহারা ঐ স্কুলে থাকে রাত্রিতে তাহাদের পৃথক থাকার উপায় করিতে হইবে।

(খ) যে যুবা অপরাধিদিগকে তথায় আটক করিয়া রাখা যায় তাহাদের স্বাস্থ্যের নিয়ম ও জল-সম্পোষা ও আহার ও বস্ত্রাদি ও বিছানা থাকিবে।

(গ) ঐ অপরাধিদের শিল্পবিদ্যা শিক্ষার উপায় থাকিবে।

(ঘ) ঐ অপরাধিরা পীড়িত হইলে তাহাদের হাস্পাতাল কি থাকিবার উপযুক্ত স্থান থাকিবে ইতি।

৬ ধারা। চরিত্র সংশোধনার্থ স্বরূপ কোন স্কুলের ব্যবহার হইবার পূর্ব্বে জেল সমূহের ইনস্পেক্টর জেনরল সাহেব তাহা পরিদর্শন করিবেন। এবং ৫ ধারায় যাহা আবশ্যক বলিয়া প্রকাশ হইয়াছে তাহার বিধানমত করা গিয়াছে, ও এই আইনমতে যে যুবা অপরাধিদিগকে তথায় পাঠান যাইতে পারে ঐ স্কুল তাহাদের থাকিবার উপযুক্ত তাঁহার এমত বিবেচনা থাকিলে তিনি সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন, ও সেই সর্টিফিকট স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। তাহা হইলে ঐ স্কুল চরিত্র সংশোধনার্থ বিদ্যালয় বলিয়া জ্ঞান হইবে।

স্কুল পরিদর্শন করিবার কথা।

উক্ত ইনস্পেক্টর জেনরল সাহেব সময়েং ও বৎসরে ন্যূনকল্পে একবার উক্ত প্রত্যেক স্কুলে গিয়া দেখিবেন, এবং স্কুলের যদ্রূপ অবস্থা দেখিলেন স্থানীয় গবর্ণমেণ্টে তাহার রিপোর্ট পাঠাইবেন। গবর্ণমেণ্ট সময়েং ঐ রিপোর্ট লিখিবার পাঠ নিরূপণ করিবেন ইতি।

৭ ধারা। কোন যুবা অপরাধির দ্বীপান্তর প্রেরণ কি কারাদণ্ডের আজ্ঞা হইলে, এবং যে আদালতের সেই দণ্ডের আজ্ঞা হয়, সেই আদালত (ক) ঐ বালকের বয়স ষোল বৎসরের ন্যূন বোধ করিলে ও (খ) তাহাকে চরিত্র সংশোধনালয়ে পাঠাইবার উপযুক্ত বালক জ্ঞান করিলে, আদালত তাহার সেই দণ্ডভোগ না করাইয়া তাহাকে চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ে পাঠাইয়া, ২২ ধারামতে যে বিধি প্রণীত হইয়া তৎকালে প্রবল থাকে সেই বিধিমতে, দুই বৎসরের অন্যূনকাল ও সাত বৎসরের অনধিক কাল তাহার সেই বিদ্যালয়ে থাকিবার আজ্ঞা করিবেন।

যুবা অপরাধিকে চরিত্র সংশোধনালয়ে পাঠাইতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

আদালতের প্রতি পূর্ব্বোক্ত যে ক্ষমতা দেওয়া গেল, কেবল (ক) হাই কোর্ট ও (খ) সেশন আদালত, ও (গ) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সাহেব ও (ঘ) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে পোলীসের মাজিষ্ট্রেট কি রাজধানীর মাজিষ্ট্রেট সাহেব সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

8 Whenever any youthful offender under the age of sixteen years has been or shall be sentenced to imprisonment, the officer in charge of the Jail in which such offender is confined may bring him before the Magistrate within whose jurisdiction such Jail is situate, and the Magistrate, if he thinks the offender (*a*) under the age of sixteen years and (*b*) a proper person to be an inmate of a Reformatory School, may direct him to be sent to a Reformatory School, and to be there detained for a period which shall be not less than two and not more than seven years, and which shall be in conformity with any rules made under section twenty-two and for the time being in force

Power of Magistrate to direct boys under sixteen sentenced to imprisonment to be sent to Reformatories

In this section "Magistrate" means in the towns of Calcutta, Madras, and Bombay, a Magistrate of Police or Presidency Magistrate, and elsewhere a Magistrate of the first class

"Magistrate" defined

৮ ধারা। যদি ষোল বৎসরের কম বয়সের কোন যুবা অপরাধির কারাদণ্ডের আজ্ঞা হইয়া থাকে কি হয়, ঐ অপরাধী যে জেলে বদ্ধ থাকে সেই জেলখানা যে মাজিষ্ট্রেট সাহেবের কর্তৃত্বাধীন থাকে ঐ জেলের কর্তৃপক্ষ অপরাধিকে তাঁহার সম্মুখে আনিবেন, ও (ক) অপরাধির বয়স ষোল বৎসরের ন্যূন ও (খ) চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ে তাহাকে ভর্ত্তি করিয়া দেওয়া উচিত, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, ঐ অপরাধিকে চরিত্র সংশোধনার্থ স্কুলে পাঠাইতে ও ২২ ধারামত যে বিধি প্রচলিত হইয়া তৎকালে প্রবল থাকে সেই বিধিমতে দুই বৎসরের অন্যূন ও সাত বৎসরের অনধিক কাল তাহাকে সেই বিদ্যালয়ে রাখিতে আজ্ঞা করিবেন।

১৬ বৎসরের কম বয়সের যে বালকদের কারাদণ্ডের আজ্ঞা হয় তাহাদিগকেও পাঠাইবার কথা।

এই ধারায় "মাজিষ্ট্রেট" যে শব্দ আছে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে সেই শব্দে পোলীসের কি রাজধানীর মাজিষ্ট্রেট সাহেবকে, ও অন্য স্থানে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সাহেবকে জানিতে হইবে ইতি।

মাজিষ্ট্রেট শব্দের অর্থ।

9 Every youthful offender so directed by a Court or Magistrate to be sent to a Reformatory School shall be sent to such Reformatory School as the Local Government may from time to time appoint for the reception of youthful offenders so dealt with by such Court or Magistrate

Government to determine Reformatory to which such offenders shall be sent

৯ ধারা। কোন আদালত কি মাজিষ্ট্রেট সাহেব কোন যুবা অপরাধিকে চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ে পাঠাইবার আজ্ঞা করিলে, সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব যুবা যে অপরাধিদের বিচার করেন স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাহাদের গ্রাহ্য করিবার জন্যে চরিত্র সংশোধনার্থ যে বিদ্যালয় নিরূপণ করেন তাহাদিগকে সেই আলয়ে পাঠান যাইবে ই৴ত।

অপরাধিদিগকে চরিত্র সংশোধনার্থ যে ঘরে পাঠাইতে হইবে গবর্ণমেণ্টের তাহা স্থির করিবার কথা।

10 Nothing contained in section seven, eight, or nine shall be deemed to authorize the detention in a Reformatory School of any person after he is proved to be above the age of eighteen years

Boys above eighteen not to be detained in school

১০ ধারা। কোন ব্যক্তির আঠারো বৎসরের অধিক বয়স প্রমাণ হইলে তাহাকে চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়ে রাখিবার অনুমতি যে হইল, ৭ কি ৮ কি ৯ ধারার কোন কথাক্রমে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

আঠারো বৎসরের অধিক বয়সের বালককে স্কুলে রাখিতে না হইবার কথা।

11 The Local Government may at any time order any youthful offender—

Discharge or removal by order of Government

(*a*) to be discharged from a Reformatory School,

(*b*) if so discharged before the expiration of his sentence, to undergo the residue of such sentence at such place as the Local Government thinks fit, or

(*c*) to be removed from one Reformatory School to another such school situate within the territories subject to such Government, but so that the whole period of his detention in a Reformatory School shall not be increased by such removal

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন সময়ে যুবা কোন অপরাধিকে

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে তাহাদিগকে ছাড়িয়া দিবার কি অন্য স্থানে পাঠাইবার কথা।

(ক) চরিত্র সংশোধনার্থ বিদ্যালয়হইতে যাইতে দিবার,

(খ) তাহার দণ্ডের মিয়াদ গত না হইয়াও তাহাকে বাহিরে যাইতে হইলে স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে স্থানে তাহার অবশিষ্ট কাল থাকা উচিত বোধ করেন তাহার সেই স্থানে থাকিবার, কিম্বা

(গ) চরিত্র সংশোধনার্থ এক বিদ্যালয়হইতে সেই গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত অন্য সংশোধনালয়ে পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপে স্থানান্তরে প্রেরণ হইলেও চরিত্র সংশোধনালয়ে তাহার থাকার সম্পূর্ণ মিয়াদ যেন বাড়িয়া না যায় ইতি।

## III.—Management of Reformatory Schools.

Appointment of Superintendent and Committee of Visitors or Board of Management.

12. For the control and management of every Reformatory School, the Local Government shall appoint either (a) a Superintendent and a Committee of Visitors, or (b) a Board of Management.

Every Committee and every Board so appointed must consist of not less than five persons, of whom two at least shall be Natives of India.

The Local Government may from time to time suspend or remove any Superintendent or any Member of a Committee or Board so appointed.

Superintendent may license youthful offenders to employers of labour.

13. Every Superintendent so appointed may permit any youthful offender sent to a Reformatory School who has attained the age of fourteen years, by license under his hand, to live under the charge of any trustworthy and respectable person named in the license, or any officer of Government or of a Municipality, being an employer of labour and willing to receive and take charge of him, on the condition that the employer shall keep such offender employed at some trade, occupation, or calling.

The license shall be in force for three months, and no longer, but may, at any time before the expiration of the period for which the offender has been directed to be detained, be renewed from time to time for three months.

Cancellation of license.

14. The license shall be cancelled at the desire of the employer named in the license;

If complaint of employers just, no fresh license until expiry of twelve months.

and if it appears to the Superintendent that any complaint made by the employer of misconduct on the part of the youthful offender is just, no other license in respect of the same offender shall be given until twelve months after the expiration of the former license.

Determination of license.

15. If during the term of the license the employer named therein die, or cease from business, or the period for which the youthful offender has been directed to be detained in

## তৃতীয়।—চরিত্রসংশোধনার্থ বিদ্যালয়ের কার্য্যাধ্যক্ষতার বিধি।

সুপরিণ্টেণ্ডেণ্ট ও পরিদর্শক কমিটী কি কার্য্যাধ্যক্ষ বোর্ড নিযুক্ত করিবার কথা।

১২ ধারা। চরিত্রসংশোধনার্থ প্রত্যেক বিদ্যালয়ের তত্ত্বাবধারণ ও কার্য্যাধ্যক্ষতা করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট (ক) এক জন সুপরিণ্টেণ্ডেণ্ট ও পরিদর্শক কমিটী কিম্বা (খ) কার্য্যাধ্যক্ষ বোর্ড নিযুক্ত করিবেন।

তদ্রূপে যে কমিটী ও যে বোর্ড নিযুক্ত হন তাহার মধ্যে পাঁচ জনের কম থাকিবে না। ইহাদের মধ্যেও ন্যূনেকল্পে দুই জন ভারতবর্ষ জাত লোক হইবেন।

তদ্রূপে যে সুপরিণ্টেণ্ডেণ্ট কি কমিটী কি বোর্ড নিযুক্ত হন স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং সেই সুপরিণ্টেণ্ডেণ্টকে কিম্বা সেই কমিটীর কি বোর্ডের অন্তর্গত কোন ব্যক্তিকে কিয়ৎকালের বা চিরকালের নিমিত্ত অবসর করিতে পারিবেন ইতি।

যাহারা শ্রমজীবি লোকদিগকে কর্ম্ম দিয়া থাকেন তাঁহাদিগকে যুবা অপরাধিদের রাখিবার লাইসেন্স দিতে সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতার কথা।

১৩ ধারা। যুবা যে অপরাধিকে চরিত্রসংশোধনার্থ বিদ্যালয়ে পাঠান যায়, তাহার চৌদ্দ বৎসর বয়স হইলে কোন বিশ্বাস যোগ্য ও সম্ভ্রান্ত ব্যক্তি কিম্বা গবর্ণমেণ্টের কি মুনিসিপালিটির কোন কার্য্যকারক শ্রমজীবি লোকদিগকে কর্ম্ম দিয় থাকিলে, ও সেই ব্যক্তিকে গ্রাহ্য করিয়া জিম্মা করিয়া লইতে সম্মত হইলে, পূর্ব্বোক্তমতে নিযুক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট আপনার স্বাক্ষরিত লাইসেন্স দিয়া, ঐ লাইসেন্সে ঐ বিশ্বাসযোগ্য ও সম্ভ্রান্ত ব্যক্তির কিম্বা ঐ কার্য্যকারকের নাম লিখিয়া, তিনি ঐ যুবাকে কোন শিল্প ব্যবসায়ে কি কর্ম্মে নিযুক্ত করিয়া রাখিবেন এই নিয়মে, ঐ যুবা অপরাধিকে তাঁহার জিম্মা করিয়া দিতে পারিবেন।

ঐ লাইসেন্সের কেবল তিন মাস মিয়াদ চলিবে তাহার অধিক নয়। কিন্তু অপরাধির আটক থাকিবার মিয়াদ ফুরাইবার পূর্ব্বে কোন সময়ে ঐ লাইসেন্স সময়েং তিনং মাসের নিমিত্ত নূতন করিয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

লাইসেন্স রহিত হইতে পারিবার কথা।

১৪ ধারা। লাইসেন্সে যে মুনিবের নাম লেখা থাকে তাঁহার ইচ্ছা হইলে ঐ লাইসেন্স রহিত করা যাইতে পারিবে।

মুনিবের নালিশ সত্য হইলে বারো মাসের মধ্যে আর লাইসেন্স না দিবার কথা।

এবং মুনিব ঐ যুবা অপরাধির কদাচারের বিষয়ে যে নালিশ করেন, সুপরিণ্টেণ্ডেণ্টের বিবেচনায় সেই নালিশ সত্য হইলে, ঐ লাইসেন্সের মিয়াদের পর বারো মাস গত না হইলে ঐ অপরাধির পক্ষে আর লাইসেন্স দেওয়া যাইবে না ইতি।

লাইসেন্স রহিত হইবার কথা।

১৫ ধারা। লাইসেন্সে যে মুনিবের নাম লেখা থাকে তিনি ঐ লাইসেন্সের মিয়াদ চলন সময়ে মরিলে, কিম্বা আপন ব্যবসায় ত্যাগ করিলে, কিম্বা যুবা অপরাধিকে যত কালের নিমিত্ত

the Reformatory School expires, the license shall thereupon cease and determine

*Cancellation of license in case of ill treatment*

16 If it appears to the Superintendent that the employer has ill-treated the offender, or has not adequately provided for his lodging and maintenance, the Superintendent may cancel the license

*Superintendent to be deemed guardian of youthful offenders*

**17.** The Superintendent of any Reformatory School shall be deemed to be the guardian of every youthful offender detained in such school, within the meaning of Act No XIX of 1850 (*concerning the binding of apprentices*),

*Power to apprentice youthful offender*

and if it appear to the Superintendent that any such offender licensed under section thirteen has behaved well during one or more periods of his license, the Superintendent may apprentice him under the provisions of the said Act, and on such apprenticement the right to detain such offender in the School shall cease and the unexpired term (if any) of his sentence shall be cancelled

*Duties of Committee of Visitors*

18 Every Committee of Visitors appointed under section twelve for any Reformatory School shall, at least once in every month,

(*a*) visit the school, to hear complaints and see that the requirements of section five have been complied with, and that the management of the school is proper in all respects,

(*b*) examine the punishment-book,

(*c*) bring any special cases to the notice of the Inspector-General, and

(*d*) see that no person is illegally detained in the school

*Powers of Board of Management*

19 If in exercise of the power conferred by section twelve, the Local Government appoints a Board of Management for any Reformatory School, such Board shall have the powers and perform the functions of the Superintendent under sections thirteen to seventeen, both inclusive, and the license mentioned in section thirteen may be under the hand of their chairman, and they

চরিত্র সংশোধনালয়ে রাখিতে হইবে সেই কাল গত হইলে, ঐ লাইসেন্স রহিত হইয়া শেষ হইয়া যাইবে ইতি।

*কটু ব্যবহারের নিমিত্ত লাইসেন্স রহিত হইতে পারিবার কথা।*

১৬ ধারা। মুনিব অপরাধির প্রতি কটুব্যবহার করিয়াছেন, কিম্বা তাহার থাকিবার স্থানের ও ভরণপোষণের উপযুক্ত বিধান করেন নাই, সুপরিণ্টেণ্ডেণ্টের এমত বোধ হইলে তিনি ঐ লাইসেন্স রহিত করিতে পারিবেন ইতি।

*সুপরিণ্টেণ্ডেণ্ট যুবা অপরাধিদের অভিভাবক বলিয়া জ্ঞান হইবার কথা।*

কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে আর কএক জন চড়নদার তুলিয়া লইয়া ঐ যাত্রাকালে উক্ত কোন বন্দরে থামিলে কি পঁহুছিলে,

the Master shall obtain a fresh certificate to the effect of certificate B from the proper officer at such port, and shall make additional statements specifying the number and the respective sexes of all such additional passengers,

ঐ বন্দরের উপযুক্ত কর্ম্মকারকের স্থানে ঐ জাহাজের কাপ্তানের B চিহ্নিত সর্টিফিকটের মর্ম্মানুসারে নূতন এক খানি সর্টিফিকট লইতে হইবে, ও আর যত জন চড়নদার ও তাঁহাদের মধ্যে যত জন পুরুষ ও যত জন স্ত্রী আছে ইহার বর্ণনাও তাঁহার লিখিতে হইবে।

and all the provisions hereinbefore contained in that behalf shall be applicable to any certificate granted or statement made under this section

এই কার্য্যপক্ষে পূর্ব্বোক্ত যেং বিধান আছে তাহা এই ধারামত সর্টিফিকটের কি বর্ণনাপত্রেরও প্রতি বর্ত্তে ইতি।

26 In the case of every ship sailing from any port within British India to any port in the Red Sea the officer whose duty it is to grant a port-clearance for any such ship shall not grant such clearance unless and until the owner, agent, or master of such ship and two sureties resident in British India have by a joint and several bond become bound unto the Secretary of State for India in Council in the penal sum of five thousand rupees for the purpose of binding the ship to touch at Aden on the outward voyage, and there to obtain a clean bill of health and to do the same on the homeward voyage if she continue (being propelled by sails) to carry more than thirty passengers, or (being propelled by steam, or partly by steam, and partly by sails) to carry more than sixty passengers

Bond when ship clears for port in Red Sea

২৬ ধারা। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরহইতে সূফ সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যাইতে উদ্যত হইলে, যাইবার সময়ে আদেনে থামিবে, ও চড়নদারদের শারীরিক স্বাস্থ্যের সর্টিফিকট পাইবে, ও ঐ জাহাজ পাইলভরে চালিত হইলে যদি তাহার মধ্যে ত্রিশ জনের অধিক চড়নদার থাকে, কিম্বা কলের দ্বারা কি অংশতঃ কলের দ্বারা অংশত পাইল ভরে চালিত হইলে যদি তন্মধ্যে ষাইট জনের অধিক চড়নদার থাকে, তবে ফিরিয়া আসিবার সময়েও ঐ প্রকারের কর্ম্ম করিবে, না করিলে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট পাঁচ সহস্র টাকা দণ্ড দিবে, ঐ জাহাজের স্বামী কিম্বা এজেণ্ট কিম্বা কাপ্তান এবং ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি দুই জন জামিন একত্র ও স্বতন্ত্র এই মর্ম্মের প্রতিজ্ঞাতে বদ্ধ না হইলে, জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া যে কার্য্যকারকের কর্ত্তব্য তিনি ঐ অনুমতিপত্র দিবেন না ইতি।

সূফ সমুদ্রের তীরস্থ বন্দরে গেলে নিবন্ধপত্র লিখিবার কথা।

27 Every ship carrying more than thirty passengers being natives of Asia or Africa, and sailing from any port in British India to any port in the Red Sea,

Ships sailing to or from port in Red Sea to touch at Aden

২৭ ধারা। কোন জাহাজ আশিয়া কি আফ্রিকা দেশীয় ত্রিশ জনের অধিক চড়নদার লইয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরহইতে সূফ সমুদ্রের কোন বন্দরে গেলে,

সূফসমুদ্রের তটস্থ বন্দরে কি বন্দরহইতে যে জাহাজ যায় আদেনে তাহার থামিবার কথা।

or sailing from any port in the Red Sea to any port in British India,

কিম্বা সূফ সমুদ্রের কোন বন্দরহইতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে গেলে,

shall touch at Aden, and shall not leave that port without having obtained from the proper authority a clean bill of health

আদেনে থামিবে, ও উপযুক্ত কার্য্যকারকের স্থানে শারীরিক স্বাস্থ্যের সর্টিফিকট না পাইলে ঐ বন্দরহইতে খুলিয়া যাইবে না ইতি।

28 No bill of health shall be granted under section twenty-six or section twenty-seven in case the ship has on board a greater number of passengers than in the proportion prescribed for her by this Act

Bill of health

২৮ ধারা। এই আইনদ্বারা যত জন চড়নদারকে লইবার অনুমতি থাকে ঐ জাহাজে তাহার অধিক থাকিলে, ২৬ কি ২৭ ধারামতে স্বাস্থ্যের ঐ সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

স্বাস্থ্যের সর্টিফিকটের কথা।

[*Government Gazette*, 11*th April*, 1876.]

## CHAPTER V

### PENALTIES.

*Penalty for ship unlawfully departing*

**29** If any ship departs or proceeds upon a voyage from, or discharges passengers at, any port or place within British India in contravention of the provisions of section six or section nine,

or if any person is received as a passenger on board a ship in contravention of the provisions of the second clause of section six,

the Owner or Master shall, for every passenger conveyed in such ship, or for every passenger so discharged or received on board, be liable to a penalty not exceeding one hundred rupees, or to imprisonment not exceeding one month, or to both,

and the ship, if found within two years in any port within British India, may be seized and detained by any Chief Officer of Customs until the penalties incurred under this Act by her owner or Master have been adjudicated, and the payment of the fines imposed on him under this Act, with all costs, has been enforced, under the provisions hereinafter contained

*Penalty for opposing entry on, or inspection of ships*

**30** Any person impeding or refusing to allow the entry or inspection authorized under this Act shall be liable to a fine not exceeding five hundred rupees for each offence, or to imprisonment for a term not exceeding three months, or to both

*Penalty for not exhibiting copy of certificate*

**31** Any Owner or Master wilfully failing to comply with the requirements of section seventeen, as to copies of certificates, shall, for every such failure, be liable to fine not exceeding two hundred rupees, or to imprisonment for any term not exceeding a month, or to both

*Penalty for non compliance with requirements as to list of passengers.*

**32** Any Master failing to comply with any of the requirements of section twenty three or section twenty-four, as to the statement of pasengers,

or wilfully making any false entry or note in or on any such statement,

## পঞ্চম অধ্যায় ।

### দণ্ডের বিধি ।

*জাহাজ বেআইনীমতে খুলিয়া গেলে তাহার দণ্ডের কথা ।*

২৯ ধারা । কোন জাহাজ ৬ কি ৯ ধারার বিধান না মানিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর কি স্থানহইতে খুলিয়া গেলে কি চড়নদারদিগকে নামাইয়া দিলে,

কিম্বা ৬ ধারার দ্বিতীয় প্রকরণের বিধান না মানিয়া জাহাজে কোন ব্যক্তিকে চড়নদারস্বরূপ তুলিয়া লইলে,

ঐ জাহাজের মধ্যে যত জন চড়নদার যায় কিম্বা যত জনকে সেই প্রকারে নামাইয়া দেওয়া কি তুলিয়া লওয়া যায়, তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে, জাহাজের স্বামির কি কাপ্তানের এক শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে,

আর সেই জাহাজ দুই বৎসরের মধ্যে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে পাওয়া গেলে, কষ্টমের কোন প্রধান কর্ম্মকারক সাহেব ঐ জাহাজ ধরিয়া রাখিয়া, এই আইনমতে ঐ জাহাজের স্বামির কি কাপ্তানের যে দণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় বিচার না হওন পর্য্যন্ত এবং এই আইনমতে তাঁহার অর্থদণ্ডের আজ্ঞা হইলে পশ্চাৎলিখিত বিধানমতে খরচ সমেত তাহার আদায় না হওন পর্য্যন্ত ঐ জাহাজ আটকাইয়া রাখিতে পারিবেন ইতি ।

*জাহাজে যাইবার কি তাহা দেখিয়া লইবার বাধা দিলে দণ্ডের কথা ।*

৩০ ধারা । এই আইনমতে জাহাজে যাওয়ার ও দেখিয়া লওয়ার যে ক্ষমতা দেওয়া গেল, কোন ব্যক্তি তাহার বাধা দিলে, কিম্বা জাহাজে যাইতে কিম্বা দেখিয়া লইতে অনুমতি না দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা তিন মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি ।

*সর্টিফিকটের নকল না দেখাইবার দণ্ডের কথা ।*

৩১ ধারা । ১৭ ধারায় সর্টিফিকটের নকলের বিষয়ে যে আজ্ঞা আছে, কোন স্বামী কি কাপ্তান ইচ্ছা করিয়া সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি ।

*চড়নদারদের নির্ঘণ্টপত্রের বিষয়ে যে আজ্ঞা আছে সেই আজ্ঞামতে কর্ম্ম না করিবার দণ্ডের কথা ।*

৩২ ধারা । চড়নদারদের বর্ণনাপত্র বিষয়ে ২৩ কি ২৪ ধারায় যে আজ্ঞা হইয়াছে, কোন কাপ্তান সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে,

কিম্বা সেই বর্ণনাপত্রে ইচ্ছা করিয়া কোন মিথ্যা কথা কি নোট লিখিয়া দিলে,

or wilfully failing to obtain any such supplementary certificate as is mentioned in section twenty, or to report deaths as required by section twenty-one, or to obtain any such fresh certificate, or to make any such statement of the number of additional passengers as is mentioned in section twenty-five,

Penalty for failing to obtain fresh certificate for additional passengers taken

shall be liable to a fine not exceeding five hundred rupees for every such offence, or to imprisonment for a term not exceeding three months, or to both

**33** Any Master who, after having obtained any of the certificates mentioned in section nine or section twenty, or section twenty-five, fraudulently does, or suffers to be done, anything whereby such certificate becomes inapplicable to the altered state of the ship, her passengers, or other matters to which such certificate relates, shall be liable to a fine not exceeding two thousand rupees, or to imprisonment not exceeding six months, or to both

Penalty for fraudulent alteration in ship after certificate obtained

**34** Any Master wilfully, and without satisfactory excuse, omitting to supply to any passenger the allowance of food, fuel, and water prescribed by rule made under this Act and for the time being in force, shall be liable to a fine not exceeding twenty rupees for every passenger who has sustained detriment by such omission

Penalty for failing to supply passengers with prescribed provisions

**35** The Master of any ship described in section twenty-seven who wilfully fails to touch at Aden, or leaves that port without having obtained the bill of health therein mentioned, shall, for every such offence, be liable to a fine not exceeding two thousand rupees, or to imprisonment not exceeding six months, or to both

Penalty for not obtaining bill of health

**36** If any ship has on board any number of passengers which, having regard to the time of the year and other circumstances, is greater than the number allowed by the certificate, or, if arriving from a port where no certificate could be procured, has on board a number of passengers exceeding the number allowed by this Act for such ship, the Owner and Master shall, for every passenger over and above the number allowed

Penalty for excess of number specified in certificate

কিম্বা ২০ ধারায় যে পরিশিষ্ট সর্টিফিকটের কথা আছে তাহা ইচ্ছা করিয়া না লইলে, কিম্বা ২১ ধারার বিধানমতে ইচ্ছা করিয়া কোন চড়নদারের মরণের কথা রিপোর্ট না করিলে, কিম্বা পূর্ব্বোক্ত নূতন সর্টিফিকট না লইলে, কিম্বা ২৫ ধারার লিখনমতে নূতন চড়নদারদের সংখ্যার বর্ণনাপত্র লিখিয়া না দিলে,

নূতন চড়নদারদিগকে লইয়াও নূতন সর্টিফিকট না লইবার দণ্ডের কথা।

তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা তিন মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

৩৩ ধারা। জাহাজের কাপ্তান ৯ কিম্বা ২০ ধারার কিম্বা ২৫ ধারার উল্লিখিত সর্টিফিকট পাইলে পর, যদি প্রতারণাভাবে আপনি এমত কার্য্য করেন কিম্বা অন্যকে করিতে দেন, যদ্দ্বারা জাহাজের কি চড়নদারদের কিম্বা অন্য যে বিষয়ে সর্টিফিকটের সম্পর্ক থাকে সেই বিষয়ের অবস্থা পরিবর্ত্তন হইয়া ঐ সর্টিফিকট সেই পরিবর্ত্তিত অবস্থায় খাটিতে না পারে, তবে তাঁহার দুই হাজার টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

সর্টিফিকট পাইলে পর প্রতারণাক্রমে জাহাজের কোন অংশ পরিবর্ত্তনের কথা।

৩৪ ধারা। এই আইনমতে যে বিধি করা যায় ও প্রচলিত থাকে, সেই বিধিমতে প্রত্যেক জন চড়নদারের আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানি কাষ্ঠ কি কয়লা ও যত জল পাইবার নিয়ম থাকে, কোন কাপ্তান, ইচ্ছা করিয়া ও উপযুক্ত কারণ না থাকিলেও তাহাকে তত আহারাদি না দিলে, তাহা না দেওয়াতে যত জন চড়নদারের কষ্ট হইল তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত তাঁহার কুড়ি টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

চড়নদারদিগকে নিয়মমতে আহারাদি না দিলে দণ্ডের কথা।

৩৫ ধারা। ২৭ ধারায় যে জাহাজের কথা আছে এমত কোন জাহাজের অধ্যক্ষ ইচ্ছা করিয়া আদেন বন্দরে না থামিলে, কিম্বা ঐ ধারার লিখিত স্বাস্থ্যের সর্টিফিকট না পাইয়া ঐ বন্দর হইতে খুলিয়া গেলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দুই হাজার টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি

স্বাস্থ্যের সর্টিফিকট না লইবার দণ্ডের কথা।

৩৬ ধারা। সর্টিফিকটে যত জন চড়নদার লইবার অনুমতি থাকে, বৎসরের কাল ও অন্যান্য ভাবগতিক বিবেচনায় জাহাজে তাহার অতিরিক্ত থাকিলে, কিম্বা যে বন্দরে কোন সর্টিফিকট পাওয়া যাইতে না পারে এমত বন্দর হইতে আসিয়া আইনমতে ঐ জাহাজে যত জন চড়নদার যাইতে পারে তাহার অধিক জন থাকিলে, সর্টিফিকট দ্বারা যত জন লইবার অনুমতি থাকে তাহার উপর প্রত্যেক চড়নদারের নিমিত্ত স্বামী ও

সর্টিফিকটে যত জন লেখা থাকে তাহার অধিক জন থাকিলে দণ্ডের কথা।

by the certificate, be each liable to a fine not exceeding twenty rupees, and the Master shall further be liable for each of such passengers to imprisonment not exceeding one week Provided that the total term of imprisonment awarded under this section shall in no case exceed six months

কাপ্তান এই দুই ব্যক্তির কুড়ি২ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, আর তদ্রূপ প্রত্যেক চড়নদারের জন্যে কাপ্তানের আর এক২ সপ্তাহের অনধিক কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু এই ধারামতে তাঁহার যে কারাদণ্ড হয় তাহা মোট কখনই ছয় মাসের অধিক হইবে না।

Any officer authorized in this behalf by the Local Government may cause all passengers over and above such number to disembark, and may forward them to any port of British India, and may recover the cost of so forwarding them from the Owner or Master of the ship as if such cost was a fine imposed under this Act, and a certificate under the hand of such officer shall be conclusive evidence of the amount of the cost aforesaid

স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে যে কোন কার্য্যকারককে ক্ষমতা প্রদান করেন তিনি ঐ সংখ্যার উপরি সকল চড়নদারকে নামাইয়া লইয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে চালান করিতে পারিবেন, এবং তাহাদের চালান করিবার খরচ যেন এই আইনমতে অর্থদণ্ড বলিয়া ধার্য্য হইল, এমতে ঐ জাহাজের কপ্তানের কি স্বামির স্থানে ঐ খরচ লইবেন। ও তদ্রূপে যত টাকা খরচ লাগিল, ঐ কার্য্যকারকের স্বাক্ষরিত সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

37 If any ship bringing native passengers from any port or place beyond British India into any port or place in British India, has on board a greater number of passengers than in the proportion prescribed by section nineteen, section twenty-two, or section forty-nine (as the case may be), or than the number allowed by the license or certificate (if any granted in respect of such ship at her port or place of departure, the Owner and Master shall, for every passenger in excess of such proportion or of the number so allowed, be each liable to a fine not exceeding twenty rupees

Penalty for bringing native passengers from Eastern port in excess of authorized proportion

৩৭ ধারা। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দর কি স্থান হইতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে কি স্থানে এদেশীয় চড়নদার আনিলে, ১৯ কিম্বা বিষয়বিশেষে ২২ কি ৪৯ ধারায় যে হারানুসারে চড়নদারদিগকে লইবার অনুমতি হইল, কিম্বা ঐ জাহাজ যে বন্দর কি স্থান হইতে খুলিয়া গিয়াছিল তথায় ঐ জাহাজের নিমিত্ত অনুমতিপত্র কি সর্টিফিকট দেওয়া গিয়া থাকিলে সেই পত্র কি সর্টিফিকট দ্বারা যত জন চড়নদার লইবার অনুমতি ছিল, ঐ জাহাজে যদি তাহার অধিক জন থাকে, তবে ঐ হারের কিম্বা ঐ সংখ্যার উপর যত জন চড়নদার থাকে তাহাদের প্রত্যেক জনের জন্যে স্বামী ও কাপ্তান এই উভয়ের কুড়ি২ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

জাহাজে যত জন চড়নদার লইবার অনুমতি আছে পূর্ব্বদিকস্থ বন্দর হইতে তাহার অধিক লোক আনিবার দণ্ডের কথা।

38 If the Master of any ship to which this Act applies lands any passenger at any port or place other than the port or place at which he may have contracted to land, unless with his previous consent, or unless such landing is made necessary by perils of the sea or other unavoidable accident, the Master shall, for every such offence, be liable to a penalty not exceeding two hundred rupees, or to imprisonment for any term not exceeding a month, or to both

Penalty for landing passenger at a place other than that at which he has contracted to land

৩৮ ধারা। এই আইন যে২ জাহাজের প্রতি বর্ত্তে এমত জাহাজগত কোন চড়নদার যে বন্দরে কি স্থানে নামিয়া যাইবার নিয়ম করে, তাহার অনুমতি না লইয়া কিম্বা সমুদ্রজাত কোন বিপত্তি কিম্বা অনিবার্য্য কোন দুর্ঘটনা হেতুক আবশ্যক না হওয়াতে, ঐ জাহাজের কাপ্তান তাহাকে তদ্ভিন্ন কোন বন্দরে কি স্থানে নামাইয়া দিলে, সেই প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

চড়নদার যে স্থানে নামিবার নিয়ম করে তদ্ভিন্ন স্থানে তাহাকে নামাইয়া দিবার দণ্ডের কথা।

*Procedure*

কার্য্যপ্রণালীর কথা।

39. All offences against this Act shall be punishable in a summary manner by a Magistrate

Adjudication of offences

৩৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সরাসরীমতে বিচার করিয়া এই আইনের বিপরীত সকল অপরাধের দণ্ড করিতে পারিবেন।

অপরাধ নির্ণয়ের কথা।

*Fine leviable by distress on ship*

If the person on whom any fine is imposed under this Act is the Master or Owner of a ship, and the fine is not paid at the time and in the manner prescribed by the order of payment, the Magistrate may, in addition to the ordinary means prescribed by law for enforcing payment, direct by warrant the amount remaining unpaid to be levied by distress and sale of the said ship, her tackle, furniture, and apparel

*Jurisdiction*

**40** For the purpose of the adjudication of penalties under this Act, every offence against its provisions shall be deemed to have been committed within the limits of the jurisdiction of the Magistrate of the place where the offender is found

*By whom proceedings for penalties to be instituted*

**41** The penalties to which Masters and Owners of ships are made liable by this Act shall be enforced only by information laid at the instance of the officers appointed to grant certificates under this Act, or, at any port or place where there is no such officer, at the instance of the Chief Officer of Customs

*Application of fines.*

**42.** Any Magistrate imposing any fine under this Act may, if he thinks fit, direct the whole or any part thereof to be applied in compensating any person for any detriment which he may have sustained by the act or default in respect of which such fine is imposed, or in or towards payment of the expenses of the proceedings

*Depositions receivable when witnesses cannot be produced*

**43** Whenever, in the course of any legal proceeding under this Act, the testimony of any witness is required in relation to the subject-matter of such proceeding, any deposition that he may have previously made in relation to the same subject-matter before any Justice or Magistrate in Her Majesty's dominions (including all parts of India other than those subject to the same Local Government as the port or place where such proceedings are instituted), or any British consular officer elsewhere, shall be admissible in evidence on due proof that such witness cannot be found within the jurisdiction of the Court in which such proceeding is instituted

Provided that such deposition shall not be admissible unless -

(*a*) it is authenticated by the signature of the Justice, Magistrate, or consular officer ,

*জাহাজ আটক করিয়া টাকা আদায় করিবার কথা।*

এই আইনমতে যে ব্যক্তির অর্থদণ্ডের আজ্ঞা হয় তিনি জাহাজের কাপ্তান কি স্বামী হইলে ও সেই দণ্ড দিবার আজ্ঞাপত্রে যে সময়ে ও যে প্রকারে ঐ দণ্ড দিবার নিয়ম থাকে সেই সময়ে ও সেই প্রকারে দণ্ড না দেওয়া গেলে, আইনে ঐ টাকা বলপূর্ব্বক লইবার জন্য যে উপায় থাকে তদতিরিক্ত মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দিয়া ঐ জাহাজ ও রসা কাচা পাইল প্রভৃতি সরঞ্জাম আটক ও বিক্রয় করিয়া বাকী টাকা আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*বিচারাধিপত্যের কথা।*

৪০ ধারা। এই আইনমতে যে দণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় বিচার হইবার জন্যে, অপরাধিকে যে স্থানে পাওয়া যায়, অপরাধ সই স্থানের মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানেই কর গিয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

*দণ্ড জন্য নালিশ যাহার উপস্থিত করিতে হইবে তাঁহার কথা।*

৪১ ধারা। এই আইনমতে জাহাজের কাপ্তানের ও স্বামিদের যে দণ্ড হইতে পারিবে, যে কার্য্যকারক সাহেবেরা এই আইনমতে সর্টিফিকট দিতে নিযুক্ত হন কেবল তাঁহারদের, কিম্বা বন্দরে কি স্থানে সেইরূপ কার্য্যকারক না থাকিলে কষ্টমের প্রধান কার্য্যকারকের যত্নে নালিশ হইলে, ঐ দণ্ডের আজ্ঞা হইতে পারিবে ইতি।

*অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।*

৪২ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা করিলে, সেই আজ্ঞাটি যে কার্য্য কি যে ত্রুটিপ্রযুক্ত করা যায় তদ্দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইল, তাহার সেই ক্ষতিপূরণ, কিম্বা মোকদ্দমার কোন খরচ শোধ করণার্থে ঐ অর্থদণ্ডের সমস্ত টাকা কি তাহার কোন অংশ দেওয়া বিহিত বোধ করিলে, তদনুসারে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

*সাক্ষিদিগকে উপস্থিত করা যাইতে না পারিলে তাহাদের লিখিত সাক্ষ্য প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।*

৪৩ ধারা। এই আইনমতে মোকদ্দমাঘটিত কোন বৈধ কার্য্য চলিবার সময়ে বিবাদীয় বিষয়ে কোন সাক্ষির সাক্ষ্যের প্রয়োজন থাকিলে এবং ঐ মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় ঐ সাক্ষীকে সেই আদালতের বিচারাধীন স্থানের মধ্যে পাওয়া যায় না ইহার উপযুক্ত প্রমাণ থাকিলে, ঐ মোকদ্দমাঘটিত কার্য্য যে বন্দরে কি স্থানে উপস্থিত করা যায় তাহা স্থানীয় যে গবর্ণমেন্টের অধীন থাকে তদধীন দেশছাড়াও ভারতবর্ষের অন্য সমস্ত স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের কোন জষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, কিম্বা অন্য স্থানে ব্রিটনীয় কনসলের সম্মুখে ঐ সাক্ষী সেই বিষয়ের যে কোন সাক্ষ্য দিয়া থাকেন, সেই সাক্ষ্য প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইতে পারিবে।

কিন্তু নিম্নলিখিত স্থলছাড়া ঐ সাক্ষ্য গ্রাহ্য হইবে না।

(ক) জষ্টিস কি মাজিষ্ট্রেট কি কনসল সাহেবের স্বাক্ষর না থাকিলে,

(b) it was made in the presence of the person accused, and

(c) the fact that it was so made is certified by the Justice Magistrate, or consular officer

(খ) অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে ঐ সাক্ষ্য না লওয়া গেলে,

(গ) তাহারি সাক্ষাতে লওয়া গেল ঐ জষ্টিস কি মাজিষ্ট্রেট কি কনসল সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে।

It shall not be necessary in any case to prove the signature or official character of the person appearing to have signed any such deposition, and in any criminal proceeding such certificate as aforesaid shall, unless the contrary is proved, be sufficient evidence of the accused having been present in manner thereby certified

ঐ সাক্ষ্যপত্রে যে ব্যক্তির স্বাক্ষর থাকা দৃষ্ট হয় ঐ স্বাক্ষর যে তাঁহারই এই কথার ও তাঁহার পদের প্রমাণ করা কখন আবশ্যক হইবে না। ও ঐ সর্টিফিকট অনুসারে অভিযুক্ত ব্যক্তি ফৌজদারী মোকদ্দমায় উপস্থিত ছিল ইহার বিপরীত প্রমাণ না থাকিলে ঐ সর্টিফিকটই ঐ কথার প্রচুর প্রমাণ হইবে ইতি।

## CHAPTER VI

## ষষ্ঠ অধ্যায়।

### MISCELLANEOUS

### বিবিধ বিধি।

*Information to be sent to ports of embarkation*

44 The Chief Officer of Customs, or the officer (if any) appointed under this Act, at any port or place within British India at which any ship to which this Act applies touches or arrives, shall with advertence to the provisions herein contained, send any particulars which he may deem important respecting the ship and the passengers conveyed therein to the officer at the port from which the ship commenced her voyage and also to the officer at any other port within British India where the passengers or any of them embarked

*চড়নদারেরা যে বন্দরে উঠিবে সেই বন্দরে সম্বাদ পাঠাইবার কথা।*

৪৪ ধারা। এই আইন যেং জাহাজের প্রতি বর্ত্তে এমত জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি কোন বন্দরে কি স্থানে থামিলে কি পঁহুছিলে, সেই বন্দরের কষ্টমের প্রধান কর্ম্মকারক সাহেব, কিম্বা এই আইনমতে কার্য্যকারক নিযুক্ত থাকিলে তিনি, এই আইনের বিধান লক্ষ্য করিয়া, জাহাজের ও তদন্তর্গত চড়নদারদের কোন কথা গুরুতর জ্ঞান করিলে, জাহাজ যে বন্দরহইতে প্রথমে খুলিয়াছিল সেই বন্দরের কার্য্যকারক সাহেবের নিকট, এবং চড়নদারেরা কি তাহারদের কোন লোক ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি অন্য যে বন্দরে জাহাজে উঠিয়াছিল সেই বন্দরের কর্ম্মকারকের নিকট অগোণে ঐ কথা জানাইবেন।

And any officer appointed under this Act may, at any port or place in British India at which any ship to which this Act applies touches, board such ship and inspect her in order to ascertain whether the provisions of this Act as to the number of passengers and otherwise have been complied with

এবং এই আইন যেং জাহাজের প্রতি বর্ত্তে এমত কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে এই আইনমতে যে কার্য্যকারক নিযুক্ত হন তিনি সেই জাহাজে গিয়া, চড়নদারদের সংখ্যা ও আরং বিষয়ে এই আইনের বিধানমতে কার্য্য হইয়াছে কি না, ইহা জানিবার জন্যে ঐ জাহাজ দেখিয়া লইবেন ইতি।

*Reports of Consul*

45 In any proceeding for the adjudication of any penalty incurred under this Act any document purporting to be a report of such particulars or a copy of the proceedings of any Court of Justice duly authenticated, and also any like document purporting to be made and signed by any person lawfully exercising consular authority on behalf of Her Majesty in any foreign port, shall be received in evidence, if the same appears to have been officially transmitted to any officer at or near the place where the proceeding under this Act is had

*কনসলের রিপোর্টের কথা।*

৪৫ ধারা। এই আইনমতে যে অপরাধের দণ্ড হইতে পারে তাহার বিচার করিবার মোকদ্দমাঘটিত কোন কার্য্য যে স্থানে করা যাইতেছে, উক্ত বৃত্তান্তের রিপোর্ট বলিয়া কোন দলীল, কিম্বা কোন আদালতের কার্য্যের নকল যথার্থ বলিয়া স্বাক্ষর করা গেলে সেই দলীল, এবং বিদেশীয় কোন বন্দরে যিনি আইনমতে শ্রীমতী মহারাণীর পক্ষে কনসলের ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহার লিখিত ও স্বাক্ষরিত দলীল বলিয়া সেই প্রকারের কোন দলীল রাজকর্ম্ম পক্ষে সেই স্থানের কি তাহার নিকট কোন স্থানের রাজকীয় কার্য্যকারকের নিকট পাঠান গেল দৃষ্ট হইলে, সেই দলীলও প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

**46** The Governor-General in Council may from time to time make rules consistent with this Act, to regulate, in the case of any ship or class of ships to which this Act applies, all or any of the following matters —

Power to make rules as to provisions, stores, boats, &c

(*a*) the scale on which provisions, fuel and water are to be supplied to the passengers and the quality of such provisions, fuel and water,

(*b*) the medical stores and other appliances and fittings for maintaining health, cleanliness, and decency to be provided on board,

(*c*) the boats, anchors and cables to be provided on board,

(*d*) the instruments for purposes of navigation to be supplied,

(*e*) the apparatus for the purpose of extinguishing fires on board and the precautions to be taken to prevent such fires,

(*f*) and generally to carry out the provisions of this Act

All such rules shall be published in the *Gazette of India*, and shall thereupon have the force of law

৪৬ ধারা। এই আইন যেং জাহাজের কি যেং শ্রেণীর জাহাজের প্রতি খাটে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেব সময়েং সেইং জাহাজ সম্পর্কে নিম্নলিখিত সকল কি কোনং বিষয়ের বিধি করিতে পারিবেন, কেবল সেই বিধি যেন এই আইনের সঙ্গত হয়।

চড়নদারদের সংখ্যার ও আহারীয় দ্রব্যাদির বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) চড়নদারদের আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠাদি ও জল যে হিসাবমতে দিতে হইবে ও ঐ আহারীয় দ্রব্যের যে গুণ থাকিবে তাহার বিধি,

(খ) জাহাজে যত ঔষধাদি লইতে হইবে ও লোক সকল যাহাতে সুস্থ ও পরিষ্কার থাকে ও তাহাদের লজ্জা রক্ষা হয় এমত অন্য যে বিষয় করিতে হইবে তাহার বিধি,

(গ) জাহাজে যত খানি নৌকা ও লঙ্গর ও কাছি লইতে হইবে তাহার বিধি,

(ঘ) পথে জাহাজ চালাইবার নিমিত্ত যেং প্রকারের যন্ত্র লইতে হইবে তাহার বিধি,

(ঙ) জাহাজে আগুন লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার যন্ত্র বিষয়ক বিধি ও আগুন না লাগে এই কারণে সতর্ক হইয়া উপযুক্ত নিয়ম করিবার বিধি।—

(চ) ও এই আইনের সকল বিধান প্রবল করিবার অন্যং বিধি।

সেই সকল বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে। প্রকাশ হইলেই আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

**47** The Local Government shall appoint such persons as it thinks fit to exercise and perform the powers and duties conferred and imposed by this Act

Appointment of officers

৪৭ ধারা। এই আইনমতে যেং ক্ষমতা প্রদান করা যায়, ও যেং কর্ম্ম নির্দ্ধারিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাদিগকেই সেইং ক্ষমতানুসারে কার্য্যকরণার্থে ও সেইং কর্ম্ম সম্পাদন করণার্থে নিযুক্ত করিবেন ইতি।

কর্ম্মকারকদের নিয়োগের কথা।

**48** The Governor-General in Council may from time to time declare, by notification in the *Gazette of India*, what shall be deemed to be, for the purposes of this Act, "seasons of fair weather" and "seasons of foul weather," and for sailing vessels and steamers respectively, a "long voyage" and a "short voyage"

Power to declare what shall be deemed seasons of fair weather and long voyages

৪৮ ধারা। এই আইনের কার্য্যপক্ষে বৎসরের কোন্ সময় সুকাল বলিয়া ও কোন্ সময় কুকাল বলিয়া জানিতে হইবে, এবং পাইল ভরে যে জাহাজ যায় তাহার ও ষ্টীমরের পক্ষে দীর্ঘ কালীন যাত্রা কাহাকে ও অল্প কালীন যাত্রা কাহাকে কহিতে হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ইহা সময়েং নির্দ্ধার্য্য করিয়া ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবেন ইতি।

বৎসরের কোন্ সময় সুকাল বলিয়া ও কোন্ যাত্রা দীর্ঘ কালীন বলিয়া জানা যাইবে তাহা নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

**49** The Governor-General in Council may from time to time direct, in the case of any ship or class of ships, and for all or any voyages to which this Act applies, the number of superficial or of

Power to Governor General to prescribe space to be contained for passengers

৪৯ ধারা। এই আইন যে জাহাজের ও যে যাত্রার প্রতি বর্ত্তে এমত কোন জাহাজে কি জাহাজ শ্রেণীতে সকল কি কোন যাত্রার সময়ে চড়নদারদের জন্যে বর্গ কিম্বা ঘন কত ফুট স্থান

চড়নদারদের থাকিবার যে স্থান নিরূপণ হইবে ইহা জানাইতে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ক্ষমতার কথা।

cubic feet of space to be contained for the passengers, and such direction shall override the provisions of sections nineteen and twenty-two so far as they apply to such ship or class of ships

রাখিতে হইবে. মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইহার আজ্ঞা করিতে পারিবেন। করিলে, সেই জাহাজের কি জাহাজ শ্রেণীর সম্বন্ধে ১৯ ও ২২ ধারার বিধানের যত দূর সম্পর্ক থাকে তত দূর ঐ বিধান অপেক্ষা সেই আজ্ঞা মান্য হইবে ইতি।

---

## SCHEDULE

(*See Section* 4)

| Number and year | Title |
|---|---|
| XXV of 1859 | An Act to prevent the overcrowding of Vessels carrying Native Passengers in the Bay of Bengal |
| XII of 1870 | An Act for the regulation of Native Passenger Ships, and of Steam Vessels intended to convey Passengers on coasting voyages |
| XII of 1872 | An Act to amend Act XII of 1870 (*The Native Passenger Ships' Act*) |
| Madras Act II of 1862 | An Act to extend the provisions of Act XXV of 1859, entitled An Act to prevent the overcrowding of Vessels carrying Native Passengers in the Bay of Bengal |

WHITLEY STOKES,
*Secy to the Govt of India*

## তফসীল।

(৪ ধারা দেখ।)

| সাল ও নম্বর। | নাম। |
|---|---|
| ১৮৫৯ সা ২৫ আ | এদেশীয় লোকদিগকে বঙ্গদেশের উপসাগরে যে জাহাজ লইয়া যায় সেই জাহাজে অত্যধিক চড়নদারকে লইয়া যাওয়া নিবারণ করিবার আইন। |
| ১৮৭০ সা ১২ আ | এদেশীয় ব্যক্তিদের গমনীয় জাহাজের এবং যেং ষ্টিমপোত চড়নদারদিগকে লইয়া সমুদ্র ধারে২ যাইবার কার্য্যে নিরূপিত হয় তাহার বিধান করণার্থ আইন। |
| ১৮৭২ সা ১২ আ | এদেশীয় চড়নদারদের জাহাজ সম্পর্কীয় ১৮৭০ সালের ১২ আইন সংশোধন করণার্থ আইন। |
| মান্দ্রাজের ১৮৬২ সা ২ আ | এদেশীয় লোকদিগকে বঙ্গদেশের উপসাগরে যে জাহাজ লইয়া যায় সেই জাহাজে অত্যধিক চড়নদারকে লইয়া যাওয়া নিবারণ করিবার আইন নামক ১৮৫৯ সালের ২৫ আইনের বিধান বিস্তৃত করিবার আইন। |

উইটলী ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 28th March 1876, and is hereby promulgated for general information —

মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৬ সালের মার্চ মাসের ২৮ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

### ACT No IX OF 1876

*An Act to enable the Government of India to declare certain coins of Native States to be a legal tender in British India*

### ১৮৭৬ সালের ৯ নম্বর আইন।

এদেশীয় নানা রাজ্যাধিকারের কোনং মুদ্রা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে প্রচলিত বলিয়া প্রকাশ করণার্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা প্রদান করণার্থ আইন।

Preamble

WHEREAS it is expedient to enable the Governor-General in Council to declare that a tender of payment of money, if made in certain coins made for

হেতুবাদ।

কোন প্রকারের ব্যবসায়াদিতে এদেশীয় রাজ্যাধিকারের প্রস্তুত বা প্রচলিত মুদ্রা দিবার প্রস্তাব হইলে তাহা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে প্রচলিত হইতে পারিবে,

or issued by Native States, shall be a legal tender in British India, It is hereby enacted as follows —

1 This Act may be called "The Native Coinage Act, 1876"

Short Title

It extends to the whole of British India,

Local extent

And it shall come into force at once

Commencement

2 In this Act "Native State" means any State in India which is under the protection or political control of Her Majesty, or of which the Government shall have acknowledged the supremacy of the British Crown

Interpretation clause

3 Subject to the provisions of section four, the Governor-General in Council may, from time to time, by notification in the *Gazette of India*, declare that a tender of payment of money, if made in the coins, or the coins of any specified metal, made under this Act for any Native State, shall be a legal tender in British India,

Power to declare that the coins of a Native State shall be legal tender

and the provisions of the Indian Coinage Act, 1870, shall apply to the coins to which such notification refers, so far as such provisions are applicable thereto, and save as expressly provided by such notification

4 The power conferred by the first clause of section three shall be exercisable only when the coins referred to in such notification comply with the following conditions (that is to say)—

When such power may be exercised

in the case of coins of gold silver, or bronze,

(*a*) their fineness is identical with that for the time being prescribed by law for coins of the Government of India of the same metal,

in the case of coins, whether of gold, silver bronze, or copper

(*b*) they are identical in weight with some coins of the Government of India of the same metal, which may for the time being be legally coined at any mint of the Go-

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এমত আজ্ঞা করিবার ক্ষমতা থাকা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা গেল,—

১ ধারা। এই আইন "এদেশীয় মুদ্রা বিষয়ক ১৮৭৬ সালের আইন" নামে খ্যাত হাইতে পারিবে।

সংক্ষেপ নামের কথা।

ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে প্রচলিত হইবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

ও এইক্ষণেই প্রচলিত হইবে ইতি।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

২ ধারা। ভারতবর্ষের অন্তর্গত যে রাজ্যাধিকার শ্রীশ্রীমতী মহারাণীর আশ্রিত কিম্বা রাজনীতি পক্ষে তাঁহার কর্তৃত্বাধীন, কিম্বা যে দেশের গবর্ণমেণ্ট ব্রিটনীয় রাজত্বের প্রাধান্য স্বীকার করিয়াছেন, এই আইনে "এদেশীয় রাজ্যাধিকার" শব্দে সেই দেশ জানিতে হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ৪ ধারার বিধান প্রবল মানিয়া সময়ে২ ইণ্ডিয়া গেজেটে ঘোষণাপত্র প্রচার করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে, এই আইনমতে এদেশীয় কোন রাজ্যাধিকারের নিমিত্ত প্রস্তুত কিম্বা বিশেষ ধাতুময় কোন মুদ্রা দিবার প্রস্তাব হইলে, তাহা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আইনমত প্রচলিত মুদ্রা হইবে।

এদেশীয় রাজ্যাধিকারের মুদ্রা আইনমতে প্রচলিত হইবে এই কথা প্রচার করিবার ক্ষমতার কথা।

ও ঐ ঘোষণাপত্রে যাহার বর্জ্জিত থাকার স্পষ্ট বিধান আছে তাহা ছাড়া, উক্ত ঘোষণাপত্রে যে প্রকারের মুদ্রার উল্লেখ হয় তাহার প্রতি ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের আইন যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

৪ ধারা। ৩ ধারার প্রথম প্রকরণক্রমে যে ক্ষমতা দেওয়া গেল, উক্ত ঘোষণাপত্রে যে২ মুদ্রার উল্লেখ হয়, তাহা নিম্নলিখিত নিয়মের সঙ্গত হইলে, সেই ক্ষমতানুসারে কার্য্য করা যাইতে পারিবে, নতুবা নয়।

যে স্থলে ঐ ক্ষমতানুসারে কার্য্য করা যাইতে পারিবে তাহার কথা।

সোণার কি রূপার কি ভরণের (Bronze) মুদ্রা হইলে,

(ক) যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেই ধাতুময় মুদ্রা যত খাটি করিয়া নির্ম্মিত হয় যদি উক্ত মুদ্রা ঠিক তত খাটি হয়।

সোণার কি রূপার কি ভরণের কি তামার মুদ্রা হইলে,

(খ) ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেই ধাতুময় মুদ্রা যৎকালে আইনমত ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন টাকশালে জবর হইতে পারে যদি সেই মুদ্রার সহিত ঠিক সমান ওজন হয়

ernment of India, or bear such relation thereto as is approved by the Governor-General in Council,

(c) the devices upon their obverse and reverse differ from the devices on coins now made or issued by any such Native State, and have been approved by the Governor-General in Council,

(d) upon each of such coins its value in money of the Government of India is inscribed in the English language,

(e) the Native State for which they are coined has undertaken to abstain during a term of not less than thirty years from the date of the notification from coining in its own mint gold, silver, bronze, or copper, as the case may be, and has also undertaken that no coins resembling coins for the time being a legal tender in British India shall, after the expiration of the said term, be struck under its authority or with its permission at any place within or without its jurisdiction,

(f) such State has formally declared that a tender of payment of money, if made in coins of the Government of India of the same metal, shall in the territories subject to such State be a legal tender in the cases in which payment made in such coins would, under the law for the time being in force, be a legal tender in British India,

(g) such State has also agreed that the law and rules for the time being in force respecting the cutting and breaking of coin of the Government of India reduced in weight by reasonable wearing or otherwise, or counterfeit, or called in by proclamation, shall apply to the coins made for such State under this Act, and that it will defray the cost of cutting and breaking them, and

(h) such State has also agreed not to issue the same coins below their nominal value, and not to allow any discount or other advantage to any person in order to bring them into circulation

কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহার যে সম্পর্ক অনুমোদন করেন যদি সেই সম্পর্ক থাকে।

(গ) এদেশীয় উক্ত কোন রাজ্যাধিকারে যে মুদ্রা এইক্ষণে নির্ম্মিত কি প্রচলিত হইয়া থাকে তাহার দুই দিগে যে কথা মুদ্রিত হয় কি যে প্রতিমূর্ত্তি থাকে, যদি তদ্ভিন্ন অন্য কথা মুদ্রিত হয় কি অন্য প্রতিমূর্ত্তি থাকে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হয়।

(ঘ) সেই মুদ্রার মূল্য ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে মূল্যের মুদ্রার তুল্য হয় তাহা যদি সেই মুদ্রায় ইঙ্গ্রেজী ভাষায় মুদ্রিত থাকে।

(চ) এদেশীয় যে রাজ্যাধিকারের নিমিত্ত ঐ মুদ্রা তয়ের হয়, সেই রাজ্যাধিকার কর্ত্তৃক যদি এই প্রতিজ্ঞা করা যায় যে ঐ জ্ঞাপনপত্রের তারিখ-অবধি ত্রিশ বৎসরের অন্যূন কোন কাল পর্য্যন্ত ঐ রাজ্যাধিকারের নিজ টাকশালে সোণার কিম্বা বিষয়বিশেষে রূপার কি তর-পের কি তামার মুদ্রা তয়ের করা যাইবে না, ও সেই কাল অতীত হইলেও ব্রিটনীয় ভারতবর্ষে যৎকালে যে মুদ্রা আইনমতে প্রচলিত থাকে, তাহার মত কোন মুদ্রা সেই রাজ্যাধিকারের আজ্ঞামতে কি অনুমতিক্রমে আপনার শাসনাধীন কি বহির্ভূত স্থানেও তয়ের হইবে না।

(ছ) যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে সেই প্রকারের মুদ্রা যে স্থলে দেওয়া গেলে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আইনমতে প্রচলিত হয়, সেই স্থলে ভারতবর্ষীয় গবর্ণ-মেণ্টের সেই ধাতুময় মুদ্রা ঐ রাজ্যাধিকারের অধীন দেশে দিবার প্রস্তাব হইলে তাহাও আইনমতে প্রচলিত মুদ্রা হইবে ঐ রাজ্যাধিকার যদি দাঁড়ামতে ইহা নির্দ্দেশ করিয়া প্রচার করেন।

(জ) ভারতবর্ষের গবর্ণমেণ্টের মুদ্রার ওজন সঙ্গত-রূপে নিরত চলনদ্বারা কি প্রকারান্তরে কমিয়া গেলে, কিম্বা সেই মুদ্রা কৃত্রিম হইলে কি ঘোষণা-পত্রদ্বারা তাহার চলন রহিত করা গেলে, তাহা কাটিয়া ও ভাঙ্গিয়া ফেলিবার যে আইন ও বিধি যৎকালে চলন থাকে, এই আইনমতে ঐ রাজ্যাধিকারের নিমিত্ত নির্ম্মিত মুদ্রার প্রতি সেই আইন ও বিধি প্রচলিত হইবে, ও সেই রাজ্যাধিকার ঐ মুদ্রা কাটিবার ও ভাঙ্গি-বার খরচ দিবেন, যদি এই অঙ্গীকার করিয়া থাকেন,

(ঝ) ও যে মুদ্রার যে মূল্য ব্যক্ত আছে যদি ঐ রাজ্যাধিকার তদপেক্ষা ন্যূন মূল্যে তাহা প্রচলিত না করিতে অঙ্গীকার করেন, ও ঐ মুদ্রা চালাইবার জন্যে কোন ব্যক্তিকে বাট্টা কি প্রকারান্তরের লভ্য না দিতে অঙ্গীকার করেন ইতি।

5 It shall be lawful for any such State to send to any mint in British India metal to be made into coin under this Act, and, subject to the Mint rules for the time being in force, and to the provisions hereinafter contained, the Mint-Master shall receive such metal and convert it into coin, provided that it be fit for coinage.

Native States authorised to send metal to British India mint for coinage

Nothing herein contained shall be deemed to entitle any such State to have coins made under this Act at any mint of the Government of India of any metal which is not for the time begin legally coined at such mint

6 The Governor-General in Council may impose on any metal sent to a mint for coinage under this Act the duty (if any) leviable on the same metal under the Indian Coinage Act, 1870, and also a charge sufficient to defray the expenses of coinage over and above the expenses of assay and refining, and the Mint-Master shall coin such metal at the charge so imposed

Power to impose a charge for coinage

7 The Governor-General in Council may, from time to time, with reference to the reasonable requirements of the population of any Native State, fix the maximum number of any coins of any particular metal that shall be coined under this Act.

Power to limit number of coins to be made under this Act for any Native State

WHITLEY STOKES,
*Secy to the Govt of India.*

৫ ধারা। উক্ত কোন রাজ্যাধিকার এই আইনমতে মুদ্রা অরব করিবার জন্যে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন টাকশালে ধাতু পাঠাইতে পারিবেন। ও টাকশাল বিষযক যে বিধি যৎকালে প্রচলিত থাকে টাকশালের কর্ত্তা সাহেব সেই বিধি ও নিম্নলিখিত বিধান মানিয়া ঐ ধাতু গ্রহণ করিবেন ও অরবের উপযুক্ত হইলে তাহা লইযা মুদ্রা অবব কবিবেন।

মুদ্রা অরব করিবার নিমিত্ত ব্রিটনীয় ভারতবর্ষের টাকশালে এদেশীয় রাজ্যাধিকারের ধাতু পাঠাইবার ক্ষমতার কথা।

উক্ত টাকশালে আইনমতে যৎকালে যে ধাতু লইযা মুদ্রা অরব হইয়া থাকে, উক্ত কোন রাজ্যাধিকার তাহা ছাড়া অন্য প্রকাবের ধাতু লইয়া ভারতবর্ষের গবর্ণমেন্টের কোন টাকশালে এই আইনমতে কোন মুদ্রা অরব কবাইয়া লইতে পারিবেন, এই ধারার কোন কথা দ্বারা এমত জানিতে হইবে না ইতি।

৬ ধারা। ভাবতবর্ষীয় মুদ্রা বিষযক ১৮৭০ সালের আইনমতে যে ধাতুর উপর মাসুল লওয়া যায়, এই আইনমতে মুদ্রা করিবার নিমিত্ত সেই ধাতু টাকশালে পাঠান গেলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহারও সেই মাসুল, এবং ধাতুপরীক্ষা ও পবিষ্কার করিবার খরচ ছাড়া ও তাহার উপর মুদ্রা অরব কবিবাব নিমিত্ত আর যত খরচ লাগিতে পারে, এই আইনমতে ধাতুঅরব করিযা মুদ্রা করিবার জন্যে তত টাকা খরচ ধরিতে পাবিবেন। ও টাকশালেব কর্ত্তা সাহেব সেই অবধাবিত খবচে ঐ ধাতুময় মুদ্রা অরব কবিবেন ইতি।

মুদ্রা করিবাব খরচ ধার্য্য করণের ক্ষমতার কথা।

৭ ধাবা। এই আইনমতে বিশেষ প্রকারের যত গুলি মুদ্রা অরব হইতে পারিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এদেশীয় কোন রাজ্যাধিকারের লোকসংখ্যা বিবেচনায় সঙ্গতমতে যত মুদ্রার প্রযোজন হইতে পারে তদনুসারে তাহা স্থির করিবেন ইতি।

এদেশীয় রাজ্যাধিকারের নিমিত্ত এই আইনমতে যত মুদ্রা অরব করিতে হইবে তাহার সীমা নির্দ্ধার্য্য করিবার ক্ষমতার কথা।

হুইটলী ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator*